প্রশ্নোত্তরে সহজ নাহবে মীর

সম্পাদনা

হাফেয মাওলানা হাবীবুর রহমান

মুসলিম বিশ্বের উলামা-মাশায়েখ সমর্থিত, মাদরাসা শিক্ষাবোর্ড, বেফাকুল মাদারিস বাংলাদেশ, ইত্তেহাদুল মাদারিস, তানযীমুল মাদারিস, গওহরডাঙ্গা বেফাক এবং সিলেট ইদারা -এর নিম্ন মাধ্যমিক স্তরের বোর্ড পরীক্ষার কিতাব হিসাবে নির্ধারিত।

প্রশ্নোত্তরে

সহজ নাহ্‌বেমীর

নাহ্‌বেমীর -এর বর্ধিত প্রশ্নোত্তর সংস্করণ

মূল

মীর সাইয়েদ শরীফ (রহ.)

হাফেয মাওলানা মুহাম্মদ হাবীবুর রহমান
শাইখুল হাদীস, মাদরাসা দারুর রাশাদ মীরপুর, ঢাকা
-এর পরামর্শক্রমে

মাওলানা মুহাম্মদ হাবীবুর রহমান (কিশোরগঞ্জ)
কর্তৃক সংকলিত

আল-কাউসার প্রকাশনী

ইসলামী টাওয়ার, পাঠকবন্ধু মার্কেট
১১,বাংলোবাজার, ঢাকা। ৫০, বাংলোবাজার, ঢাকা।
ফোন ঃ ৭১৬৫৪৭৭, মোবাইল ঃ ০১৭১৬-৮৫৭৭২৮

প্রকাশক

মুহাম্মদ ব্রাদার্স

২১৭, ব্লক-৩ মিরপুর-১২, ঢাকা।

ফোনঃ ৯০০৯৫২৯

মোবাঃ ০১৭১-৩৯১৬৯৭

প্রকাশকাল

জুমাদাল উখরা, ১৪২৪ হিজরী

অক্ষর বিন্যাস

আল-কাউসার কম্পিউটার্স,

মিরপুর, ঢাকা-১২১৬

মূল্য ঃ এক শত টাকা মাত্র।

মুদ্রণ

মোহাম্মদী প্রিন্টিং প্রেস

লালবাগ, ঢাকা।

প্রাপ্তিস্থান

চকবাজার, বাংলাবাজারসহ দেশের অভিজাত লাইব্রেরীসমূহ

প্রশ্নোত্তরে সহজ নাহবেমীর -এর

কয়েকটি বৈশিষ্ট্য

- মূল কিতাবে নেই এমন বহু গুরুত্বপূর্ণ মাসআলা সংযোজন।
- মূল কিতাবের সাথে সামঞ্জস্য রেখে প্রশ্নোত্তর সংযোজন।
- প্রতিটি আলোচনার শেষে অনুশীলনী সংযোজন।
- প্রচলিত আধুনিক আরবী উদাহরণ সংযোজন।
- আরবী উদাহরণের বাংলা অর্থ সংযোজন।
- আরবীর পাশাপাশি বাংলা প্রতিশব্দ সংযোজন।
- কিতাবের বিষয় ও লেখক পরিচিতি সংযোজন।
- নাহবেমীরের 'খুলাছা' -এর মতন ও তরজমা সংযোজন।
- সংক্ষেপে একশত আমেল-এর বর্ণনা সংযোজন।
- 'জুমাল'-এর তরজমা ও তারকীব সংযোজন।
- নাহবেমীরের উল্লেখিত উদাহরণসমূহের তারকীব সংযোজন।
- কিতাবের বিষয়াদি সহজে খুজে পাওয়ার সুবিধার্থে কিতাবের শুরুতে একটি বিস্তারিত ও অনন্য সূচীপত্র সংযোজন।

প্রসঙ্গ কথা

نحمده ونصلى على رسوله الكريم اما بعد

মনের ভাব প্রকাশের জন্য মানুষ ভাষা ব্যবহার করে। বর্তমান বিশ্বে যত ভাষা প্রচলিত আছে তন্মধ্যে আরবী ভাষার স্থান ও মর্যাদা সকল দিক দিয়ে সর্বোচ্চে। কুরআন ও হাদীছ উভয়টির ভাষাই আরবী। তাই মুসলমানদের জন্য আরবী ভাষা শিক্ষা করা অপরিহার্য। যে কোন ভাষা শুদ্ধরূপে লিখতে, পড়তে ও বলতে গেলে সে ভাষার ব্যাকরণ সম্পর্কে অবগতি লাভ করা অত্যাবশ্যক। আরবী ব্যাকরণকে কেন্দ্র করে ছাহাবায়ে কেরামের যুগ থেকে শুরু করে আজ পর্যন্ত বহু গ্রন্থ রচিত হয়েছে। তন্মধ্যে মীর সায়্যেদ শরীফ (রহ.) কর্তৃক ফারসী ভাষায় রচিত 'নাহবেমীর' কিতাবটি ইলমী মহলে সর্বাধিক সমাদৃত। যুগ যুগ ধরে দরসে নিযামীর পাঠ্যসূচীতে কিতাবটি এক বিশেষ গুরুত্বপূর্ণ স্থান দখল করে আসছে।

বাংলা উর্দু ও ফার্সী ভাষায় কিতাবটির বহু অনুবাদ ও ব্যাখ্যাগ্রন্থ প্রকাশিত হয়েছে। বাংলা ভাষাভাষী ছাত্র-ছাত্রীরা কিতাবটি যাতে সহজে আয়ত্ব করতে পারে সে লক্ষ্যে ইতোপূর্বে আমরা কিতাবটির মূল ভাষা ফারসী থেকে বাংলায় রূপান্তর করে "সহজ নাহবেমীর" নামে ছাত্র-ছাত্রীদের হাতে তুলে দিয়েছিলাম। পাঠক মহলে তা যথেষ্ট সমাদৃত হয়েছে। অনেক মাদরাসার আসাতিযায়ে কিরাম কিতাবটিকে তাদের পাঠ্যসূচীতেও অন্তর্ভূক্ত করে নিয়েছেন।

পরবর্তীতে আমরা ছাত্রদের রুচি ও মননশীলতা সামনে রেখে প্রশ্নোত্তর আকারে কিতাবটিকে সাজানোর উদ্যোগ গ্রহণ করি। মাদরাসা দারুর রাশাদের তরুণ উস্তাদ আমাদের স্নেহাস্পদ মাওলানা হাবীবুর রহমান এই গুরুত্বপূর্ণ কাজটি আঞ্জাম দিয়েছেন। আল্লাহ তা'য়ালা তাকে ইলম ও আমলে আরো তারাক্কী নছীব করুন।

মূল কিতাবের সাথে পূর্ণ সামঞ্জস্য বজায় রেখে সহজ-সরল ভাষায় শুধু প্রশ্নোত্তর আকারে এ কিতাবটিকে সাজানো হয়েছে। ইলমে নাহুর বেশ কিছু গুরুত্বপূর্ণ মাসআলা, যা মূল কিতাবে স্থান পায়নি, সেগুলোকেও বিভিন্ন নির্ভরযোগ্য কিতাব থেকে চয়ন করে এতে সন্নিবেশিত করা হয়েছে। আমাদের বিশ্বাস দ্বীনী মাদরাসার সকল ছাত্র-ছাত্রীদের জন্য আরবী ব্যাকরণের মূল মাসআলাগুলো অতি সহজে বুঝতে ও আয়ত্ব করতে কিতাবখানা বিশেষ সহায়ক হবে ইনশাআল্লাহ।

পরিশেষে পাঠক মহলে আরজ, সাধ্যমত চিন্তা-চেষ্টা করার পরও ভুল-ত্রুটি থেকে যাওয়া অস্বাভাবিক কিছু নয়। অতএব, কারো চোখে কোন ভুল পরিলক্ষিত হলে বা বইটির মান উন্নয়নের ব্যাপারে কোন সুপরামর্শ থাকলে আমাদেরকে জানালে কৃতজ্ঞ হবো।

আল-কাউসার প্রকাশনী

তারিখ ঃ ৯ই জুমাদাল উখরা, ১৪২৪হি

বিনীত

প্রকাশক

কিতাবের বিষয় ও লেখক পরিচিতি

বিষয় পরিচিতি

আভিধানিক অর্থ : نحو শব্দের আভিধানিক অর্থ– পদ্ধতি, ইচ্ছা করা ইত্যাদি।

পারিভাষিক অর্থ :

النحو علم بالوصول يعرف بها احوال اواخر الكلم الثلاث من حيث الاعراب والبناء وكيفية تركيب بعضها مع بعض -

অর্থাৎ ইলমে নাহব এমন কতিপয় নিয়ম-কানুন জানার নাম যার মাধ্যমে মু'রাব ও মাবনী হিসেবে শব্দের শেষ অক্ষরের অবস্থা জানা যায় এবং বাক্য গঠনের পদ্ধতি সম্পর্কিত যাবতীয় জ্ঞান অর্জন করা যায়।

উদ্দেশ্য : ইলমে নাহ্ব-এর উদ্দেশ্য হচ্ছে আরবী ভাষা ব্যবহারের ক্ষেত্রে ভুল-ত্রুটি থেকে মুক্ত থাকা।

আলোচ্য বিষয়: ইলমে নাহুর আলোচ্য বিষয় হলো 'কালেমা' এবং 'কালাম'।

ইলমে নাহুর পাঠ্য কিতাব : ✪ নাহবেমীর ✪ মিয়াতে আমেল ✪ শরহে মিয়াতে আমেল ✪ হিদায়াতুন নাহ্ব ✪ কাফিয়াহ ✪ শরহে জামী ✪ শরহে ইবনে আকীল

লেখক পরিচিতি

জন্ম ও বংশ : নাহবেমীর গ্রন্থকারের প্রকৃত নাম আলী। কুনিয়াত আবুল হাসান। লকব যায়নুদ্দীন। পিতার নাম মুহাম্মদ, দাদার নাম আলী। তিনি মীর সাইয়েদ শরীফ নামে প্রসিদ্ধ ছিলেন। তিনি ২২ শে শা'বান, ৭৪০ হিজরী সনে ইরানের জুরজান নামক স্থানে জন্মগ্রহণ করেন।

শিক্ষা জীবন : মীর সাইয়েদ শরীফ (রহ.) ছোট বেলাতেই প্রাথমিক শিক্ষা বিশেষভাবে আরবী সাহিত্য তথা ইলমে আদব শিক্ষা লাভ করেন। অতঃপর তিনি শরহে মাতালে', কুতবী প্রভৃতি কিতাবাদী স্বয়ং গ্রন্থকারের নিকট পড়ার উদ্দেশ্যে হেরাত গমন করেন। তিনি যখন হেরাত পেঁছেন তখন কুতুবুদ্দীন (রহ.) বৃদ্ধাবস্থায় উপনীত হয়ে গিয়েছিলেন। তিনি তাকে দেখে বললেন, তোমাকে পড়ানোর মত শক্তি এখন আর আমার বাকী নেই। তাই তুমি আমার ছাত্র মোবারক শাহের নিকট কায়রোতে চলে যাও। তিনি তাঁর কথা মত কায়রোতে গমন করেন এবং মোবারক শাহের নিকট বিভিন্ন বিষয়ে জ্ঞান লাভ করেন।

ইলমের গভীরতা : সাইয়েদ সাহেব (রহ.) -এর উস্তাদ মোবারক শাহের বাড়ী মাদরাসার অতি সন্নিকটে ছিল। তার ঘরের দরজা মাদরাসার দিকেই ছিল। এক রাতে মোবারক শাহ (রহ.) ছাত্ররা কী করছে তা দেখার জন্য চুপচাপ ঘর থেকে

বের হলেন এবং চলতে চলতে মীর সাইয়্যেদ শরীফ (রহ.) -এর কামরার সামনে এসে থামলেন। এ সময় মীর সাহেব পিছনের পড়া পড়ছিলেন। এভাবে পড়তে পড়তে এক পর্যায়ে তিনি বলতে লাগলেন– "গ্রন্থকার এ মাসআলাটি এভাবে উপস্থাপন করেছেন, ব্যাখ্যাকারক মাসআলাটিকে এভাবে বর্ণনা করেছেন, মুহতারাম উস্তাদ এ সম্পর্কে এ কথা বলেছেন এবং আমি এ মাসআলাটি এভাবে বয়ান করছি।"

এ মাসআলা সম্পর্কে স্বীয় ছাত্রের এ বর্ণনাটি মোবারক শাহ (রহ.) -এর এতই পছন্দ হল যে, তিনি আনন্দে আত্মহারা হয়ে পড়লেন। তদুপরি এ ঘটনা তিনি এত বেশি প্রভাবান্বিত হলেন যে, পরদিন সকাল থেকে সাইয়েদ শরীফের জন্য পৃথক দরসের ব্যবস্থা করেদিলেন।

সুলূক ও তাছাওউফ : মীর সাহেব (রহ.) ইলমে জাহেরের সাথে সাথে ইলমে বাতেন দ্বারাও অলংকৃত হয়েছিলেন। তিনি হযরত খাজা সাইয়েদ বাহাউদ্দীন (রহ.) এর খলীফা খাজা আলাউদ্দীন মোহাম্মদ আত্তার বোখারী (রহ.) -এর নিকট থেকে আধ্যাত্মিক সাধনা করার পর খেলাফত লাভে ধন্য হন। মীর সাহেব বলেন, আমি আল্লাহ পর্যন্ত যতটুকু পৌঁছা দরকার ততটুকু ততক্ষণ পর্যন্ত পৌঁছতে পারিনি, যতক্ষণ না আমি খাজা আত্তার (রহ.) -এর খেদমতে উপস্থিত হই।

কর্মজীবন : মীর সাইয়েদ শরীফ (রহ.) জাহেরী ও বাতেনী ইলমের ধারক -বাহক হিসেবে সারাটি জীবন নিজেকে ইলমে দ্বীনের খেদমতে নিয়োজিত রাখেন। কিছুদিন রোমে অবস্থানের পর তিনি পারস্যের সিরাজ নগরে চলে আসেন। সেখানে বিশ বছর যাবত ইলমে দ্বীন প্রচার-প্রসারের দায়িত্ব পালন করেন। তাঁর গভীর পাণ্ডিত্য ও আধ্যাত্মিক সাধনার খ্যাতি চারিদিকে ছড়িয়ে পড়লে পারস্যের তৎকালীন শাসক শাহ শুজা তাঁকে শাহী দরবারে আমন্ত্রণ জানিয়ে বিশাল সংবর্ধনা ও সম্মান জ্ঞাপন করেন। বাদশাহ তৈমূর লং -এর অধীনে সমরকন্দ যখন ইবনে বতুতার ভাষায় "পৃথিবীর সর্ব বৃহৎ সুন্দর ও মনোরম নগরী" তে পরিণত হয়, তখন মীর সাইয়েদ শরীফ (রহ.) সমরকন্দে এসে ইলমে দ্বীনের খেদমতে নিয়োজিত হন।

ইন্তেকাল : ১৪০৪ খৃষ্টাব্দে তৈমূর লং যখন মারা যান, তখন তিনি সমরকন্দ ত্যাগ করে সিরাজ নগরীতে ফিরে আসেন। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি সেখানে ইলমে দ্বীনের খেদমতে নিয়োজিত থাকেন এবং ৬ই রবিউল আওয়াল, ৮১৬ হিজরী সনে ইন্তেকাল করেন।

রচনাবলী : আল্লামা সাইয়েদ শরীফ (রহ.) অসংখ্য অমূল্য গ্রন্থ রচনা করেন। যেমন : ছুগরা কুবরা, তরজমাতুল কোরআনিল কারীম,(ফারসী ভাষায়), হাশিয়ায়ে বায়যাবী, হাশিয়ায়ে মিশকাত শরীফ, হাশিয়ায়ে হিদায়া, হাশিয়ায়ে শরহে মাতালে', ছরফে মীর, তা'রীফুল আশয়া, মীর কুতবী, নাহবেমীর ইত্যাদি।

সূচীপত্র

নবম পাঠ ঃ বিভিন্ন দৃষ্টিকোণ থেকে ইসম -এর প্রকারভেদ

দশম পাঠ ঃ اسم متمكن এর اعراب এর বর্ণনা

প্রথম অধ্যায় ঃ আমলকারী হরফসমূহের বর্ণনা

দ্বিতীয় অধ্যায় আমলকারী ফে'লসমূহের বর্ণনা

প্রথম পরিচ্ছেদ ঃ ফায়েল ও মাফউল -এর বর্ণনা

দ্বিতীয় পরিচ্ছেদ ঃ ফায়েলের প্রকারভেদ ও তার হুকুম

তৃতীয় পরিচ্ছেদ ঃ ফে'লে মুতাআদ্দী-এর প্রকারভেদ

চতুর্থ পরিচ্ছেদ ঃ আফআলে নাকেছা-এর বর্ণনা

পঞ্চম পরিচ্ছেদ ঃ আফয়ালে মুকারাবার বর্ণনা

ষষ্ঠ পরিচ্ছেদ ঃ আফআলে মাদ্হ ওয়া যম-এর বর্ণনা

সপ্তম পরিচ্ছেদ ঃ আফআলে তাআজ্জুব-এর বর্ণনা

তৃতীয় অধ্যায় ঃ আমলকারী ইসমসমূহের বর্ণনা

عامل معنوى এর বর্ণনা

পরিশিষ্ট

প্রথম পরিচ্ছেদ ঃ توابع বা অনুগামী পদের বর্ণনা

(সমাপ্ত)

ভূমিকা

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ - وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ - وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى خَيْرِ خَلْقِهٖ مُحَمَّدٍ وَّاٰلِهٖ وَاَصْحَابِهٖ اَجْمَعِيْنَ، اَمَّا بَعْدُ

সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার জন্য, যিনি সমগ্র বিশ্বের প্রতিপালক। আর পরকালের শুভ পরিণাম পরহেযগারদের জন্য। দরূদ ও শান্তি বর্ষিত হোক সৃষ্টির শ্রেষ্ঠ জীব হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবার-পরিজন এবং সমস্ত সাহাবায়ে কেরামের উপর।

হামদ ও সালাতের পর, তুমি জেনে রেখ, (আল্লাহ তোমাকে সঠিক পথ প্রদর্শন করুন) এটি ইলমে নাহব সম্পর্কে লিখিত একটি সংক্ষিপ্ত কিতাব। আরবী শব্দ ভাণ্ডার মুখস্ত করার পর, শব্দের রূপান্তর সম্পর্কিত জ্ঞান অর্জন এবং ইলমুছ ছরফের গুরুত্বপূর্ণ রূপান্তরসমূহ আয়ত্বে আনার পর এ কিতাবটি (যথাযথভাবে অধ্যয়ন করলে) আরবী ভাষা শিক্ষার্থীকে অতি সহজেই আরবী তারকীব বা বাক্য গঠন পদ্ধতির দিকে পথ দেখাবে এবং অতি দ্রুত মু'রাব, মবনীর পরিচয় লাভে ও আরবী ইবারত পড়ায় (আল্লাহ তা'আলার তৌফিকে) যোগ্যতা ও শক্তি সঞ্চার করবে।

প্রথম পাঠ

শব্দের পরিচয় ও প্রকারভেদ

প্রশ্ন ঃ ইলমে নাহু কাকে বলে? ইলমে নাহু -এর উদ্দেশ্য ও আলোচ্য বিষয় কি?

উত্তর ঃ বিভিন্ন শব্দকে যুক্ত ও বিন্যস্ত করার নিয়মাবলীকে ইলমে নাহু বলে, নির্ভূল বাক্য গঠন ইলমে নাহু -এর উদ্দেশ্য। বাক্য ও বাক্যে ব্যবহৃত শব্দের শেষাবস্থা ইলমে নাহু -এর আলোচ্য বিষয়।

প্রশ্ন ঃ আরবী ভাষায় ব্যবহৃত (অর্থবোধক) শব্দ কত প্রকার ও কি কি?

উত্তর ঃ দুই প্রকার (১) مفرد (একক শব্দ) (২) مركب (যৌগিক শব্দ)

প্রশ্ন ঃ مفرد কাকে বলে?

উত্তর ঃ অর্থবোধক একক শব্দকে مفرد বলে। مفرد এর অপর নাম كلمه

প্রশ্ন ঃ كلمۃ কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ كلمه তিন প্রকার।

(১) اسم (বিশেষ্য) যেমন ঃ رَجُلٌ (একজন পুরুষ)।

(২) فعل (ক্রিয়া) যেমন ঃ ضَرَبَ (সে একজন পুরুষ মারল)।

(৩) حرف (অব্যয়) যেমন ঃ هَلْ (কি?)

প্রশ্ন مركب কাকে বলে? উহা কত প্রকার ও কি কি?

উত্তর ঃ দুই বা ততোধিক শব্দের সমষ্টিকে مركب বলে। مركب দুই প্রকার

(১) مركب مفيد (পূর্ণ অর্থবোধক শব্দসমষ্টি বা বাক্য)

(২) مركب غير مفيد (অপূর্ণ অর্থবোধক শব্দসমষ্টি বা বাক্যাংশ)

অনুশীলনী

১। مركب শব্দের পাশে ✔ চিহ্ন দাও।

قَلَمٌ - هٰذَا الْكِتَابُ - رَمَضَانُ - اَنَا تِلْمِيْذٌ -

২। দুটি مفرد কে যোগ করে مركب তৈরী কর।

رب + نا -كتاب + جديد- معلم + نا - كتاب + الله- نبي + نا

দ্বিতীয় পাঠ
مركب مفيد এর পরিচয় ও প্রকারভেদ

প্রশ্ন ঃ مركب مفيد কাকে বলে? مركب مفيد কত প্রকার ও কি কি?

উত্তর ঃ مركب مفيد (পূর্ণবাক্য) ঐ مركب (শব্দ সমষ্টি) কে বলে. যার বক্তা তার বক্তব্য বলে চুপ করলে শ্রোতা তা থেকে কোন খবর বা তলব (চাহিদা) বুঝতে পারে।
মুরাক্কাবে মুফীদ-এর অপর নাম জুমলা ও কালাম।

جملہ দুই প্রকার

(১) جمله خبريه (সংবাদমূলক বাক্য)

(২) جمله انشائيه (রচনামূলক বাক্য)

প্রশ্ন ঃ جمله خبريه কাকে বলে ? উহা কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ جمله خبريه ঐ مركب مفيد কে বলে যার বক্তা (বা বক্তব্য) কে সত্য ও মিথ্যার গুণে গুণান্বিত করা যায়।

جمله خبريه দুই প্রকার।

(১) جمله اسميه (নামবাচক বাক্য)

(২) جمله فعليه (ক্রিয়াবাচক বাক্য)

প্রশ্ন ঃ جمله اسميه কাকে বলে ? جمله اسميه -এর প্রথম অংশকে কি বলে এবং দ্বিতীয় অংশকে কি বলে ?

উত্তর ঃ جمله خبريه এর প্রথম অংশ اسم হলে তাকে جمله اسميه বলে। যেমন- زَيْدٌ عَالِمٌ (যায়েদ জ্ঞানী)

جمله اسميه এর প্রথম অংশটি مسند اليه , যাকে مبتدا (উদ্দেশ্য) বলে এবং দ্বিতীয় অংশটি مسند , যাকে خبر (বিধেয়) বলে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৭ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ جملہ فعلیہ কাকে বলে ? جملہ فعلیہ-এর প্রথম অংশকে কি বলে এবং দ্বিতীয় অংশকে কি বলে ?

উত্তর ঃ جملہ خبریہ এর প্রথম অংশ فعل হলে তাকে جملہ فعلیہ বলে। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ (যায়েদ প্রহার করেছে)

جملہ فعلیہ এর প্রথম অংশটি مسند যাকে ফেল বলে এবং দ্বিতীয় অংশটি مسند الیہ (উদ্দেশ্য) যাকে ফায়েল বলে।

প্রশ্ন ঃ مسند الیہ ও مسند কাকে বলে ?

উত্তর ঃ مسند হুকুমকে বলে। যার উপর হুকুম লাগানো হয় তাকে مسند الیہ বলে। অর্থাৎ বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয় তাকে مسند الیہ (উদ্দেশ্য) বলে। আর مسند الیہ সম্পর্কে যা কিছু বলা হয় তাকে مسند (বিধেয়) বলে। আর উভয়ের মধ্যে যে সম্পর্ক স্থাপিত হয় তাকে اسناد বা نسبت تامہ বলে।

প্রশ্ন ঃ اسم কি مسند الیہ ও مسند উভয়টি হতে পারে ?

উত্তর ঃ اسم মুসনাদ এবং মুসনাদ ইলাইহি উভয়টিই হতে পারে।

প্রশ্ন ঃ فعل কি مسند الیہ হতে পারে?

উত্তর ঃ فعل মুসনাদ হতে পারে, মুসনাদ ইলাইহি হতে পারে না।

প্রশ্ন ঃ حرف কি مسند الیہ ও مسند হতে পারে ?

উত্তর ঃ حرف মুসনাদ কিংবা মুসনাদ ইলাইহি কোনটিই হতে পারে না।

অনুশীলনী

১। جملہ-এর প্রকার এবং مسند ও مسند الیہ নির্ণয় কর।

كَتَبْتُ - اَنَا مَرِيْضٌ - اَلْغُرْفَةُ وَاسِعَةٌ - مَاتَ رَجُلٌ .

ذَهَبَ مَاجِدٌ - اَلْكَعْبَةُ بَيْتُ اللّٰهِ - اَلْمَسْجِدُ جَمِيْلٌ .

اَلزَّهْرَةُ جَمِيْلَةٌ - رَاشِدٌ تِلْمِيْذٌ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৭ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ جملہ انشائیہ কাকে বলে?

উত্তর ঃ জুমলায়ে ইনশাইয়্যাহ্ ঐ مرکب مفید কে বলে যার বক্তা (বা বক্তব্য) কে সত্য ও মিথ্যার গুণে গুণান্বিত করা যায় না।

প্রশ্ন ঃ جملہ انشائیہ কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ جملہ انشائیہ বেশ কয়েক প্রকার। (মূল কিতাবে দশ প্রকার উল্লেখ আছে)

(১) امر (নির্দেশসূচক বাক্য) যেমন ঃ اِضْرِبْ (তুমি প্রহার করো)

(২) نہی (নিষেধসূচক বাক্য) যেমনঃ لَا تَضْرِبْ (তুমি প্রহার করো না)

(৩) استفہام (প্রশ্নবোধক বাক্য) যেমন ঃ هَلْ ضَرَبَ زَيْدٌ

(যায়েদ কি প্রহার করেছে ?)

(৪) تمنی (আকাঙ্খাবোধক বাক্য) যেমন ঃ لَيْتَ زَيْدًا حَاضِرٌ

(আহা! যায়েদ যদি উপস্থিত হতো!)

(৫) ترجی (আশাব্যঞ্জক বাক্য) যেমন ঃ لَعَلَّ عَمْرًوا غَائِبٌ

(আশা করা যায় যে আমর অনুপস্থিত থাকবে)

(৬) عقود (চুক্তিমূলক বাক্য) যেমন ঃ بِعْتُ ، وَاشْتَرَيْتُ

(আমি বিক্রি করলাম, আমি কিনলাম।)

(৭) ندا (আহবানসূচক বাক্য) যেমন ঃ يَا اَللّٰهُ (হে আল্লাহ)

(৮) عرض (অনুযোগমূলক বাক্য) যেমন ঃ

اَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا

(তুমি আমাদের নিকট আসনা কেন, তাহলে তোমার ভাল হত)

(৯) قسم (শপথমূলক বাক্য) যেমন ঃ وَاللّٰهِ لَاَضْرِبَنَّ زَيْدًا

(খোদার কসম! আমি যায়েদকে মারব)

(১০) تعجب (আশ্চর্যবোধক বাক্য) যেমন ঃ

مَا اَحْسَنَهٗ (সে কত সুন্দর) اَحْسِنْ بِهٖ (সে কি চমৎকার)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৭ ও ১২৮ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ মূল কিতাবে উল্লেখ করা হয়নি এমন কয়েকটি জুমলায়ে ইনশাইয়্যাহ উদাহরণসহ উল্লেখ কর।

উত্তর ঃ কিতাবে উল্লেখ করা হয়নি এমন কয়েকটি جملہ انشائیہ নিম্নরূপ ঃ

(ক) دعا (মঙ্গল বা অমঙ্গল কামনা) যেমন ঃ جَزَاكَ اللّٰهُ خَيْرًا
(আল্লাহ তা'য়ালা আপনাকে উত্তম পুরস্কার দান করুন)

(খ) مدح (প্রশংসাসূচক বাক্য) যেমন ঃ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ
(যায়েদ বড় ভাল লোক)

(গ) ذم (নিন্দা জ্ঞাপক বাক্য) যেমন ঃ بِئْسَ الرَّجُلُ زَيْدٌ
(যায়েদ বড়ই খারাপ লোক)

অনুশীলনী

১। নিম্নলিখিত جملہ সমূহের মধ্যে কোনটি جملہ خبریہ এবং কোনটি جملہ انشائیہ নির্দিষ্ট কর।

اِضْرِبْ زَيْدًا - لَاتَقُمْ عَلٰى سَقْفٍ - اَلصَّوْمُ جُنَّةٌ .
اَلصَّلٰوةُ قَائِمَةٌ - اَلْوَلَدُ مَرِيْضٌ - مَاتَ خَالِدٌ .

২। নিম্নলিখিত বাক্যসমূহে جملہ انشائیہ-এর প্রকার চিহ্নিত কর ঃ

لَيْتَ زَيْدًا عَالِمٌ - هَلْ بَكْرٌ ضَرَبَ عَمْرًوا - اِذْهَبْ بِكِتَابِىْ .
وَاللّٰهِ لَاَذْهَبَنَّ - لَعَلَّ اللّٰهَ يُوَفِّقُنَا صَلَاحًا - لَاتَقُلْ لَهُمَا اُفٍّ
وَلَا تَنْهَرْهُمَا - اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ؟ يَا زَيْدُ - مَا اَحْسَنَ زَيْدًا .

তৃতীয় পাঠ

مركب غير مفيد এর পরিচয় ও প্রকারভেদ

প্রশ্ন ঃ مركب غير مفيد কাকে বলে?

উত্তর ঃ مركب غير مفيد ঐ مركب কে বলে যার বক্তা তার বক্তব্য বলে শেষ করলে শ্রোতা তা থেকে কোন খবর বা তলব (চাহিদা) বুঝতে পারে না।

প্রশ্ন ঃ مركب غير مفيد কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ مركب غير مفيد তিন প্রকার ঃ

(১) مركب اضافى (সম্বন্ধ পদ) যেমন - غُلَامُ زَيْدٍ

(২) مركب بنائى (সংযুক্ত অপরিবর্তনশীল পদ) যেমন - أَحَدَ عَشَرَ

(৩) مركب منع صرف (সংযুক্ত রূপান্তরহীন পদ) যেমন - بَعَلَبَكُّ

প্রশ্ন ঃ مركب اضافى কাকে বলে ? এবং مركب اضافى -এর প্রথম ও দ্বিতীয় অংশকে কি বলে? এবং مضاف اليه -এর اعراب কি হয়?

উত্তর ঃ مركب اضافى সম্বন্ধ পদকে বলে। মুরাক্কাবে এযাফী এর প্রথম অংশকে مضاف এবং দ্বিতীয় অংশকে مضاف اليه বলে। مضاف اليه সর্বদা مجرور (যের বিশিষ্ট) হয়। যেমন ঃ غُلَامُ زَيْدٍ (যায়েদের গোলাম) এখানে غُلَامُ শব্দটি مضاف এবং زَيْدٍ শব্দটি مضاف اليه

প্রশ্ন ঃ اضافت- مضاف ও مضاف اليه কাকে বলে?

উত্তর ঃ একটি এসেমকে অন্য একটি এসেমের সাথে সম্বন্ধ করাকে اضافت বলে। যে এসেমকে اضافت করা হয়ে তাকে مضاف বলে। যার সাথে সম্বন্ধ করা হয় তাকে مضاف اليه বলে।

প্রশ্ন ঃ مضاف ও مضاف اليه -এর হুকুম কি?

উত্তর ঃ (ক) مضاف-এর শুরুতে الف-لام আসবে না।

(খ) مضاف -এর শেষে تنوين আসবে না।

(গ) اضافت -এর সময় تثنيه ও جمع مذكر سالم -এর نون থাকবে না।

(ঘ) مضاف ও مضاف اليه মিলে পূর্ণ বাক্য হয় না।

(ঙ) مضاف اليه সর্বদা জের বিশিষ্ট হয়।

প্রশ্ন ঃ مركب بنائى কাকে বলে ?

উত্তর ঃ مركب بنائى ঐ مركب غير مفيد কে বলে যাতে দুটি ইস্‌মকে এক করা হয় এবং দ্বিতীয় ইস্‌মটির পূর্বে একটি হরফ লুকায়িত থাকে, যেমন ঃ اَحَدَ عَشَرَ (এগার) থেকে تِسْعَةَ عَشَرَ (উনিশ) পর্যন্ত সংখ্যাবাচক শব্দগুলি।

প্রশ্ন ঃ اَحَدَ عَشَرَ ও تِسْعَةَ عَشَرَ শব্দ দুটি মূলতঃ কি ছিল?

উত্তর ঃ এগুলো মূলতঃ اَحَدٌ وَّعَشَرٌ এবং تِسْعَةٌ وَّ عَشَرٌ ছিল। واؤ কে حذف (বিলুপ্ত) করে দুইটি اسم কে এক করা হয়েছে।

প্রশ্ন ঃ এ শব্দগুলির اعراب কি হবে?

উত্তর ঃ اَحَدَ عَشَرَ থেকে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত সংখ্যগুলি مبنى على الفتح (সর্বাবস্থায় যবর বিদ্যমান) থাকবে তবে اِثْنَا عَشَرَ এর ব্যতিক্রম। কারণ এর প্রথমাংশ معرب (পরিবর্তনশীল)

প্রশ্ন ঃ مركب منع صرف কাকে বলে ?

উত্তর ঃ مركب منع صرف ঐ مركب غير مفيد কে বলে যাতে দুটি اسم কে এক করা হয়, কিন্তু দ্বিতীয় اسم এর পূর্বে কোন حرف লুকায়িত থাকে না। যেমনঃ بَعْلَبَكٌّ (একটি শহরের নাম)

অধিকাংশ আলেমদের মতে مركب منع صرف এর প্রথমাংশ مبنى على الفتح (সর্বাবস্থায় যবর বিদ্যমান) এবং দ্বিতীয়াংশ معرب (পরিবর্তনশীল)।

প্রশ্ন ঃ শহরের নাম بَعْلَبَكٌّ ও حَضَرَ مَوْتٌ রাখা হলো কেন?

উত্তর ঃ بَعْلَبَكٌّ এটি দুটি শব্দের সমন্বয়ে গঠিত। بَعْلٌ একটি মুর্তির নাম بَكٌّ এক বাদশাহ্‌র নাম। সে বাদশাহ্ ঐ মূর্তির পূজা করত। পরবর্তীতে তার ও তার মুর্তির নাম চির স্মরণীয় করে রাখার জন্য সে তার শহরের নামকরণ করেছে بَعْلَبَكٌّ - حَضَرَ مَوْتٌ এটিও দুটি শব্দের সমন্বয়ে গঠিত। حَضَرَ অর্থ উপস্থিত হয়েছে مَوْتٌ অর্থ মৃত্যু। অর্থাৎ জনৈক ব্যক্তি পথিমধ্যে আকস্মিকভাবে মারা যাওয়ার কারণে সে স্থানটি حَضَرَ مَوْتٌ নামে প্রসিদ্ধ হয়ে যায়।

প্রশ্ন ঃ مركب غير مفيد -এর উপরোল্লেখিত প্রকার ছাড়াও আরও কোন প্রকার আছে কি ?

উত্তর ঃ مركب غير مفيد এর আরো কয়েকটি প্রকার পাওয়া যায়।

(১) مركب توصيفى যা موصوف এবং তার صفت দ্বারা ঘঠিত হয়।) যেমন ঃ رَجُلٌ عَالِمٌ (যার গুণ বর্ণনা করা হয় তাকে موصوف এবং গুণটিকে صفت বলা হয়।)

(২) مركب صوتى (যা একটি ইসম এবং একটি আওয়াজ দ্বারা গঠিত হয়।) যেমন ঃ سِيْبَوَيْهِ (এখানে سِيْبَ একটি اسم এবং وَيْهِ (একটি আওয়াজ)

অনুশীলনী

১। নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে مركب غير مفيد চিহ্নিত কর ঃ

جَلِيْسُ السُّوْءِ شَيْطَانٌ - رَسُوْلُ اللّٰهِ - رَبَّنَا - حَجُّ الْبَيْتِ - كِتَابٌ جَدِيْدٌ - عَذَابُ الْقَبْرِ حَقٌّ . عِنْدِىْ ثَمَانِيَةَ عَشَرَ دِرْهَمًا - قَرَأَ غُلَامُ الرَّجُلِ - اِسْلَامْ آبَادْ بَلَدٌ قَدِيْمٌ - حَضَرَ مَوْتُ بَلَدٌ مَغْضُوْبٌ .

২। আল কুরআনুল কারীম থেকে مركب غير مفيد ও مركب مفيد -এর তিনটি করে উদাহরণ দাও।

চতুর্থ পাঠ
বাক্য গঠন প্রণালী

প্রশ্ন ঃ مركب غير مفيد কি পূর্ণ বাক্য হতে পারে?

উত্তর ঃ مركب غير مفيد সর্বদা বাক্যের অংশ হয়। (কখনো পূর্ণ বাক্য হতে পারে না।) যেমন ঃ

غُلَامُ زَيْدٍ قَائِمٌ - عِنْدِىْ اَحَدَ عَشَرَ دِرْهَمًا - جَاءَ بَعْلَبَكُّ

প্রশ্ন ঃ جملہ বা বাক্য গঠন করতে হলে কতটি كلمه প্রয়োজন?

উত্তর ঃ কোন جملہ বা বাক্য দুটি কালিমার কমে গঠিত হতে পারে না। চাই তা لفظا (প্রকাশ্যে) হোক যেমন ঃ زَيْدٌ قَائِمٌ বা تقديرا (অপ্রকাশ্যে) হোক যেমন ঃ اِضْرِبْ এর মধ্যে انت শব্দটি লুকায়িত আছে। দুইয়ের অধিক কালিমা দ্বারাও বাক্য গঠিত হয়। তবে এই আধিক্যের কোন সীমা নেই।

প্রশ্ন ঃ বাক্যের মধ্যে শব্দ বেশি হওয়ার কয়েকটি উদাহরণ দাও।

উত্তর ঃ বাক্যে কখনো তিনটি কালেমা হয়। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا

কখনো চার কালেমা হয়। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا ضَرْبًا

কখনো পাঁচ কালেমা হয়। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا ضَرْبًا شَدِيْدًا

আবার কখনো তার চেয়েও বেশি হয়। বেশির কোন সীমা নেই।

প্রশ্ন ঃ جملہ বা বাক্যের মধ্যে শব্দের সংখ্যা বেশী হলে কয়টি কাজ করলে বাক্যের সঠিক অর্থ জানা যাবে?

উত্তর ঃ جملہ (বাক্য) এর মধ্যে শব্দ যখন বেশী হয়ে যাবে, তখন দেখতে হবে-(১) কোনটি اسم , কোনটি فعل, কোনটি حرف,
(২) কোনটি معرب (মুরাব), কোনটি مبنى (মাবনী),
(৩) কোনটি عامل (আমেল), কোনটি معمول (মা'মুল),
(৪) كلمه গুলির পরস্পর সম্পর্ক কি তাও জানতে হবে।

এ কাজগুলো করলে مسند এবং مسند اليه বের করা সহজ হয়ে যাবে এবং এর ফলে বাক্যের সুস্পষ্ট অর্থ সঠিকভাবে জানা যাবে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৮ পৃষ্ঠায় দেখুন

পঞ্চম পাঠ

ইস্‌ম, ফে'ল ও হরফের আলামতসমূহ

প্রশ্ন ঃ اسم কাকে বলে ?

উত্তর ঃ (১) اسم ঐ শব্দকে বলে যে নিজেই নিজের অর্থ প্রকাশ করতে পারে এবং তার মধ্যে তিন যমানার কোন যমানা পাওয়া যায়না যেমন ঃ رَجُلٌ (একজন পুরুষ)।

প্রশ্ন ঃ اسم -এর আলামত কয়টি ও কি কি ?

উত্তর ঃ اسم এর আলামত ১১টি

(১) শব্দের শুরুতে الف لام যুক্ত হওয়া। যেমনঃ اَلْحَمْدُ (সমস্ত প্রশংসা)

(২) (শব্দের শুরুতে) حرف جار যুক্ত হওয়া। যেমনঃ بِزَيْدٍ (যায়েদের সাথে)

(৩) (শব্দের শেষাক্ষরে) তানবীন যুক্ত হওয়া। যেমন ঃ زَيْدٌ

(৪) مسند اليه হওয়া। যেমন ঃ زَيْدٌ قَائِمٌ (যায়েদ দন্ডায়মান)

(৫) مضاف (সম্বন্ধপদ) হওয়া। যেমন ঃ غُلَامُ زَيْدٍ (যায়েদের গোলাম)

(৬) مصغر (ক্ষুদ্রতাবাচক বিশেষ্য) হওয়া। যেমন ঃ قُرَيْشٌ (কুরাইশ বংশীয় লোক)।

(৭) منسوب (সম্পর্কমূলক বিশেষ্য) হওয়া। যেমন ঃ بَغْدَادِيٌّ (বাগদাদের অধিবাসী)

(৮) مثنى (দ্বিবচন) হওয়া। যেমন ঃ رَجُلَانِ (দুইজন পুরুষ)

(৯) مجموع (বহুবচন) হওয়া। যেমন ঃ رِجَالٌ (পুরুষগুলি)

(১০) موصوف (গুণবিশিষ্ট বিশেষ্য) হওয়া। যেমন ঃ جَاءَ رَجُلٌ عَالِمٌ (একজন জ্ঞানী লোক এসেছেন)।

(১১) (শব্দের শেষে) تائے متحرك (হরকত বিশিষ্ট 'তা') যুক্ত হওয়া। যেমন ঃ ضَارِبَةٌ (প্রহারকারিণী)

প্রশ্ন ঃ مكبر ও مصغر কাকে বলে ? ঃ

উত্তর ঃ تصغير (ক্ষুদ্রাকৃতি) تعظيم (সম্মান), تحقير (নিন্দা) বা شفقت (আদর) বুঝানোর জন্য কোন শব্দকে فعيل - فعيعل এবং فعيليل এর ওযনে গঠন করাকে تصغير বলে। যে اسم কে تصغير করা হয়, তাকে مصغر বলে। যে ইস্‌মকে تصغير করা না হয় তাকে مكبر বলে।

প্রশ্ন ঃ منسوب কাকে বলে?

উত্তর ঃ কোন কিছুর সাথে সম্পর্কিত বুঝানোর জন্য কোন শব্দের শেষে يائے نسبتى যোগ করলে সেই শব্দকে منسوب বলে। যেমন ঃ بنغلاديشىٌ (বাংলাদেশী)

প্রশ্ন ঃ فعل কাকে বলে ?

উত্তর ঃ যে শব্দ নিজের অর্থ নিজেই প্রকাশ করে এবং এতে তিন যামানার কোন একটি যামানা পাওয়া যায় তাকে ফে'ল বলে।

প্রশ্ন ঃ فعل-এর علامت কয়টি ও কি কি ?

উত্তর ঃ فعل এর আলামত ৮টিঃ

(১) (শব্দের পূর্বে) قد আসা। যেমন ঃ قد ضرب (সে প্রহার করেছে)

(২) (শব্দের শুরুতে) س আসা। যেমন ঃ سيضرب (অচিরেই সে মারবে)

(৩) (শব্দের পূর্বে) سوف আসা। যেমন ঃ سوف يضرب (অনতিবিলম্বে সে মারবে।)

(৪) (শব্দের পূর্বে) حرف جازم আসা। যেমন ঃ لم يضرب (সে প্রহার করেনি)

(৫) (শব্দের সাথে) ضمير مرفوع متصل যুক্ত হওয়া। যেমন ঃ ضربت (আমি মেরেছি)

(৬) (শব্দের শেষে) تائے ساكنه (জযম বিশিষ্ট تاء) যুক্ত হওয়া। যেমনঃ ضربت (সে একজন মহিলা প্রহার করেছে)।

(৭) امر হওয়া। যেমন ঃ اِضْرِبْ (তুমি প্রহার কর।)
(৮) نهى হওয়া। যেমন ঃ لَاتَضْرِبْ (তুমি প্রহার কর না)।

প্রশ্ন ঃ حرف কাকে বলে ?

উত্তর ঃ যে শব্দ নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না বরং তার অর্থ প্রকাশ করার জন্য অন্য শব্দের প্রতি মুখাপেক্ষী হয় তাকে حرف বলে।

প্রশ্ন ঃ حرف -এর আলামত কি?

উত্তর ঃ اسم এবং فعل এর কোন আলামত না থাকাই হরফের আলামত।

অনুশীলনী

১। নিম্নলিখিত جمله গুলিতে কি كلمه উহ্য রয়েছে বল ঃ

اِضْرِبْ - لَاتَضْرِبْ - قَالَ - فَعَلُوْا - قَالَتَا - اِذْهَبُوْا -

২। مركب غير مفيد বাক্যের অংশ হওয়ার তিনটি উদাহরণ পেশ কর।

৩। নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে ইসম, ফে'ল ও হরফ চিহ্নিত কর ঃ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - جَاءَ رَجُلَانِ - مَرَرْتُ بِزَيْدٍ .
صَعِدَ عَلَى الشَّجَرَةِ - سَيَذْهَبُ زَيْدٌ سَوْفَ تَعْلَمُوْنَ - لَمْ يَقُلْ .
اُنْصُرْ - هُوَ مَدَنِيٌّ - لِلّٰهِ مَا فِي السَّمٰوَاتِ وَمَا فِى الْاَرْضِ .

ষষ্ঠ পাঠ

مبنی ও معرب -এর পরিচয়

প্রশ্ন ঃ كلمه -এর শেষ অবস্থা পরিবর্তন হওয়া না হওয়ার ভিত্তিতে আরবী শব্দ কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ كلمه -এর শেষ অবস্থা পরিবর্তন হওয়া না হওয়ার ভিত্তিতে আরবী শব্দসমূহ মোট দুই প্রকার।

(১) معرب (পরিবর্তনশীল) (২) مبنی (অপরিবর্তনশীল)

প্রশ্ন ঃ معرب কাকে বলে?

উত্তর ঃ معرب ঐ শব্দকে বলে যার পূর্বে বিভিন্ন ধরনের আমেল আসার কারণে তার শেষাক্ষর বিভিন্ন রূপ ধারণ করে। যেমন ঃ

جَاءَ زَيْدٌ - رَأَيْتُ زَيْدًا - مَرَرْتُ بِزَيْدٍ

বাক্যসমূহে زَيْدٌ শব্দটি। এখানে جَاءَ শব্দটি আমেল زَيْدٌ শব্দটি মুরাব, رفع এরাব, 'দাল' محل اعراب

প্রশ্ন ঃ مبنی কাকে বলে ?

উত্তর ঃ مبنی ঐ শব্দকে বলে যার পূর্বে বিভিন্ন ধরনের আমেল আসার কারণে তার শেষাক্ষর বিভিন্ন রূপ ধারণ করে না। যেমন ঃ هؤلاء শব্দটি – (مَرَرْتُ بِهٰؤُلَاءِ - رَأَيْتُ هٰؤُلَاءِ - جَاءَ هٰؤُلَاءِ) হালাতে রফা, হালাতে নছব ও হালাতে জর সর্বাবস্থায় একই রকম থাকে।

প্রশ্ন ঃ اعراب কাকে বলে ?

উত্তর ঃ معرب -এর শেষের পরিবর্তনের অবস্থাকে اعراب বলে।

প্রশ্ন ঃ اعراب কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ اعراب দুই প্রকার যথা ঃ

(১) اعراب بالحركات যেমন ঃ ضمه - فتح - كسره - جزم

(২) اعراب بالحروف যেমন ঃ واو - الف - يا - نون اعرابی

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৮ ও ১২৯ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ حالت কাকে বলে? উহা কত প্রকার ও কি কি?

উত্তর ঃ আমেল এসে মু'রাবের শেষে যে বিভিন্ন অবস্থা সৃষ্টি করে তাকে حالت বলে। حالت মোট চার প্রকার। যথা ঃ

(১) حالت رفعی (২) حالت نصبی (৩) حالت جری (৪) حالت جزمی

প্রশ্নঃ محل اعراب কাকে বলে?

উত্তর ঃ اعراب প্রকাশের স্থানকে محل اعراب বলে? যেমনঃ جَاءَ زَيْدٌ বাক্যে زَيْدٌ শব্দের শেষাক্ষর دال টি محل اعراب

প্রশ্ন ঃ عامل কাকে বলে? এবং عامل কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ যে জিনিস معرب -এর শেষাবস্থাকে পরিবর্তন করে তাকে عامل বলে। عامل চার প্রকার। যথা ঃ

(১) عامل رافع (২) عامل ناصب

(৩) عامل جار (৪) عامل جازم

অনুশীলনী

১। নিম্নলিখিত জুমলাসমূহে আমেল এবং محل إعراب নির্ণয় কর ঃ

ذَهَبَ خَالِدٌ - اَعْطَيْتُ بَكْرًا -قَالَ قَائِلٌ - لَيْسَ بِظَلَّامٍ لِلْعَبِيْدِ كَتَبْتُ بِالْقَلَمِ - قَرَأَ زَيْدٌ الْكِتَابَ - جَلَسَ الْمُعَلِّمُ عَلَى الْكُرْسِيِّ نَحْنُ نَحْتَرِمُ الْمُعَلِّمَ - سَلِّمْ عَلَى الْأُسْتَاذِ .

সপ্তম পাঠ

مبنى ও معرب -এর প্রকারভেদ

প্রশ্ন ঃ مبنى কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ مبنى দু প্রকার ঃ (১) مبنى اصل (২) مبنى بالمشابه

প্রশ্ন ঃ مبنى اصل কয়টি?

উত্তর ঃ مبنى اصل ৩টি। যথা-

(১) حروف (২) جمله فعل ماضى (৩) امر حاضر معروف

প্রশ্নঃ উপরোক্ত তিন প্রকার শব্দ ছাড়াও কি কোন শব্দ مبنى আছে?

উত্তর ঃ হ্যাঁ আছে। فعل مضارع -এর যে সমস্ত ছীগায় نون جمع مونث এবং نون تاكيد পাওয়া যায় সেগুলো মাবনী। অনুরূপ اسم غير متمكن মাবনী। (সুতরাং মাবনী মোট পাঁচ প্রকার হল।)

প্রশ্ন ঃ اسم متمكن কাকে বলে?

উত্তর ঃ اسم متمكن ঐ اسم কে বলে যা مبنى اصل এর সাথে সাদৃশ্য রাখে না।

প্রশ্ন ঃ معرب কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ معرب দুই প্রকার।

(১) اسم متمكن যদি বাক্যে ব্যবহৃত হয়।

(২) فعل مضارع যদি نون جمع مؤنث এবং نون تاكيد থেকে খালি হয়।

অতএব দেখা গেল যে, আরবী ভাষায় মাত্র দুই প্রকার শব্দ معرب আর বাকী সব শব্দ مبنى

অনুশীলনী

১। নিম্নে বর্ণিত উদাহরণসমূহে মুরাব ও মবনী নির্ধারণ কর ঃ

أُولَاءِ - مُوْسٰى - عِيْسٰى - هٰؤُلَاءِ - عَمْرًوا - حَمْرَاءُ - اَللّٰهُ

حُبْلٰى - كِتَابٌ - قَلَمٌ - دَرْسٌ - نَصَرْتُ - اِضْرِبْ

২। فعل مضارع -এর যে সব ছীগা মাবনী এগুলোর তিনটি করে উদাহরণ দাও।

অষ্টম পাঠ

اسم غير متمكن -এর প্রকারভেদ

প্রশ্ন ঃ اسم غير متمكن কাকে বলে?

উত্তর ঃ اسم غير متمكن ঐ اسم কে বলে যা اصل مبنى -এর সাথে সামঞ্জস্য রাখে।

প্রশ্ন ঃ اسم غير متمكن কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ اسم غير متمكن মোট ৮ প্রকার।

(১) مضمرات (২) اسمائے اشارات (৩) اسمائے موصولات
(৪) اسمائے افعال (৫) اسمائے اصوات (৬) اسمائے ظروف
(৭) اسمائے كنايات (৮) مركب بنائى

প্রথম প্রকার

مضمرات (সর্বনাম)

প্রশ্ন ঃ ضمير কাকে বলে?

উত্তর ঃ اسم ظاهر (প্রকাশ্য ইসম) এর পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয় তাকে যমীর বলে। বাংলায় যমীরকে সর্বনাম বলা হয়।

প্রশ্ন ঃ যমীর কত প্রকার ও কি কি?

উত্তর ঃ যমীর পাঁচ প্রকার।

(১) ضمير مرفوع متصل (ক্রিয়া সংযুক্ত কর্তৃকারকের সর্বনাম)
(২) ضمير مرفوع منفصل (ক্রিয়া থেকে পৃথক কর্তৃকারকের সর্বনাম)
(৩) ضمير منصوب متصل (ক্রিয়া সংযুক্ত কর্মকারকের সর্বনাম)
(৪) ضمير منصوب منفصل (ক্রিয়া থেকে পৃথক কর্মকারকের সর্বনাম)
(৫) ضمير مجرور متصل (সম্বন্ধপদের সংযুক্ত সর্বনাম)

প্রশ্ন ঃ ضمير مرفوع متصل কাকে বলে ?

উত্তর ঃ ضمير مرفوع متصل ঐ যমীরকে বলে যা عامل رافع -এর সাথে মিলিত হয়ে ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ ضمير مرفوع متصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير مرفوع متصل ১৪টি। যথা ঃ

(১) ضَرَبْتُ (আমি মেরেছি) (২) ضَرَبْنَا (আমরা মেরেছি)

(৩) ضَرَبْتَ (তুমি (পুং) মেরেছো) (৪) ضَرَبْتُمَا (তোমরা দুজন (পুং) মেরেছো)

(৫) ضَرَبْتُمْ (তোমরা সকল (পুং) মেরেছো) (৬) ضَرَبْتِ (তুমি (স্ত্রী) মেরেছো)

(৭) ضَرَبْتُمَا (তোমরা দুজন (স্ত্রী) মেরেছো) (৮) ضَرَبْتُنَّ (তোমরা সকল (স্ত্রী) মেরেছো)

(৯) ضَرَبَ সে (পুং) মেরেছে) (১০) ضَرَبَا (তারা দুজন (পুং) মেরেছে)

(১১) ضَرَبُوْا (তারা সকল (পুং) মেরেছে) (১২) ضَرَبَتْ (সে (স্ত্রী) মেরেছে)

(১৩) ضَرَبَتَا (তারা দুজন (স্ত্রী) মেরেছে) (১৪) ضَرَبْنَ (তারা সকল (স্ত্রী) মেরেছে)

প্রশ্ন ঃ ضمير مرفوع منفصل কাকে বলে?

উত্তর ঃ ضمير مرفوع منفصل ঐ যমীরকে বলে যা عامل رافع থেকে পৃথক ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ ضمير مرفوع منفصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير مرفوع منفصل ১৪টি। যথা ঃ

(১) اَنَا (আমি) (২) نَحْنُ (আমরা দুজন (পুং/স্ত্রী)

(৩) اَنْتَ (তুমি পুং) (৪) اَنْتُمَا (তোমরা দুজন (পুং)

(৫) اَنْتُمْ (তোমরা সকল (পুং) (৬) اَنْتِ (তুমি (স্ত্রী)

(৭) اَنْتُمَا (তোমরা দুজন (স্ত্রী) (৮) اَنْتُنَّ (তোমরা সকল (স্ত্রী)

(৯) هُوَ (সে (পুং) (১০) هُمَا (তারা দুজন (পুং)

(১১) هُمْ (তারা সকল (পুং) (১২) هِيَ (সে (স্ত্রী)

(১৩) هُمَا (তারা দুজন (স্ত্রী) (১৪) هُنَّ (তারা সকল (স্ত্রী)

প্রশ্ন ঃ ضمير منصوب متصل কাকে বলে?

উত্তর ঃ ضمير منصوب متصل ঐ যমীরকে বলে যা ناصب عاملএর সাথে মিলিত হয়ে ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ ضمير منصوب متصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير منصوب متصل ১৪টি। যথা ঃ

(১) ضَرَبَنِىْ (সে আমাকে মেরেছে)

(২) ضَرَبَنَا (সে আমাদেরকে মেরেছে)

(৩) ضَرَبَكَ (সে তোমাকে (পুং) মেরেছে)

(৪) ضَرَبَكُمَا (সে তোমাদের দুজন (পুং) কে মেরেছে)

(৫) ضَرَبَكُمْ (সে তোমাদের সকল (পুং) কে মেরেছে)

(৬) ضَرَبَكِ (সে তোমাকে (স্ত্রী) মেরেছে)

(৭) ضَرَبَكُمَا (সে তোমাদের দুজন (স্ত্রী) কে মেরেছে)

(৮) ضَرَبَكُنَّ (সে তোমাদের সকল (স্ত্রী) কে মেরেছে)

(৯) ضَرَبَهٗ (সে তাকে (পুং) মেরেছে)

(১০) ضَرَبَهُمَا (সে তাদের দুজন (পুং) কে মেরেছে)

(১১) ضَرَبَهُمْ (সে তাদের সকল (পুং) কে মেরেছে)

(১২) ضَرَبَهَا (সে তাকে (স্ত্রী) মেরেছে)

(১৩) ضَرَبَهُمَا (সে তাদের দুজন (স্ত্রী) কে মেরেছে)

(১৪) ضَرَبَهُنَّ (সে তাদের সকল (স্ত্রী) কে মেরেছে)

প্রশ্ন ঃ ضمير منصوب منفصل কাকে বলে?

উত্তর ঃ ضمير منصوب منفصل ঐ যমীরকে বলে যা ناصب عامل থেকে পৃথক ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ ضمير منصوب منفصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير منصوب منفصل ১৪টি। যথা ঃ

(১) اِيَّایَ (আমাকে) (২) اِيَّانَا (আমাদেরকে)

(৩) اِيَّاكَ [তামাকে (পুং) (৪) اِيَّا كُمَا [তোমাদের দুজনকে(পুং)]

(৫) اِيَّاكُمْ [তোমাদের সকল (পুং)] কে (৬) اِيَّاكِ [তোমাকে (স্ত্রী)]

(৭) اِيَّاكُمَا [তোমাদের দুজনকে (স্ত্রী) কে] (৮) اِيَّاكُنَّ [তোমাদের সকল (স্ত্রী) কে]

(৯) اِيَّاهُ [তাকে (পুং)] (১০) اِيَّاهُمَا [তাদের দুজন (পুং)কে]

(১১) اِيَّاهُمْ [তাদের সকল (পুং) কে] (১২) اِيَّاهَا [তাকে (স্ত্রী) কে]

(১৩) اِيَّاهُمَا [তাকে দুজন (স্ত্রী) কে] (১৪) اِيَّاهُنَّ [তাদের সকল (স্ত্রী)কে]

প্রশ্ন ঃ ضمير مجرور متصل কাকে বলে?

উত্তর ঃ مضاف বা حرف جار এর সাথে মিলিত যমীরকে **ضمير مجرور متصل** বলে ।

প্রশ্ন ঃ ضمير مجرور متصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير مجرور متصل ১৪টি। যথা ঃ

حرف جار -এর সাথে মিলিত ضمير مجرور متصل

(১) لِیْ (আমার) (২) لَنَا (আমাদের)

(৩) لَكَ [তোমার (পুং)] (৪) لَكُمَا [তামাদের (দুজন পুঃ)]

(৫) لَكُمْ [তোমাদের (সকল পুং)] (৬) لَكِ [তোমার (স্ত্রী)]

(৭) لَكُمَا [তোমাদের (দুজনস্ত্রী) (৮) لَكُنَّ [তোমাদের (সকল স্ত্রী)]

(৯) لَهٗ [তার (পুং)] (১০) لَهُمَا [তাদের (দুঃ পুঃ]

(১১) لَهُمْ [তাদের সকলের (পুং)] (১২) لَهَا [তার (স্ত্রী)]

(১৩) لَهُمَا [তাদের (দুঃ স্ত্রী)] (১৪) لَهُنَّ [তাদের (স ঃ স্ত্রী)]

ضمير مجرور متصل -এর সাথে মিলিত مضاف (ইসম)

(১) دَارِيْ (আমার বাড়ী) (২) دَارُنَا (আমাদের বাড়ী)

(৩) دَارُكَ (তোমার [একঃ পুঃ] বাড়ী) (৪) دَارُكُمَا (তোমাদের [দুঃপুঃ] বাড়ী)

(৫) دَارُكُمْ (তোমাদের [সঃ পুঃ] বাড়ী) (৬) دَارُكِ (তোমার [এক স্ত্রী] বাড়ী)

(৭) دَارُكُمَا (তোমাদের [দুঃ স্ত্রী] বাড়ী) (৮) دَارُكُنَّ (তোমাদের [সঃস্ত্রী] বাড়ী)

(৯) دَارُهُ (তাহার [এক পুঃ] বাড়ী) (১০) دَارُهُمَا (তাহাদের [দুঃ পুঃ] বাড়ী)

(১১) دَارُهُمْ (তাহাদের [সঃ পুঃ] বাড়ী) (১২) دَارُهَا (তাহার [এক স্ত্রী] বাড়ী)

(১৩) دَارُهُمَا (তাহাদের [দুঃ স্ত্রী] বাড়ী) (১৪) دَارُهُنَّ (তাহাদের [সঃ স্ত্রী] বাড়ী)।

দ্বিতীয় প্রকার

اسمائے اشارات (ইঙ্গিতসূচক বিশেষ্যসমূহ)

প্রশ্ন ঃ اسمائے اشارة কাকে বলে?

উত্তর ঃ যে সকল اسم দ্বারা নির্দিষ্ট কোন ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করা হয় সেগুলোকে اسمائے اشارة বলে।

প্রশ্ন ঃ مشار اليه কাকে বলে?

উত্তর ঃ اسم اشاره দ্বারা যে ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করা হয়, তাকে مشار اليه বলে।

প্রশ্ন ঃ اسمائے اشاره কয়টি ও কি কি?

উত্তর ঃ اسمائے اشاره তেরটি। যথা ঃ

১. এক বচন مذكر এর ক্ষেত্রে - ذا

২. এক বচন مؤنث এর ক্ষেত্রে- تَا. تِيْ. تِهْ. تِهِيْ. ذِهْ. ذِهِيْ تِهِيْ

৩. দ্বি বচন مذكر এর ক্ষেত্রে- ذَا - ذَانِ - ذَيْنِ

৪. দ্বি বচন مؤنث এর ক্ষেত্রে- تَانِ - تَيْنِ

৫. বহু বচন مذكر ও مؤنث উভয় ক্ষেত্রে-- اُولَاءِ - اُولِيْ

তৃতীয় প্রকার

اسمائے موصولہ (সম্বন্ধসূচক বিশেষ্যসমূহ)

প্রশ্ন ঃ اسمائے موصولہ কাকে বলে?

উত্তর ঃ اسمائے موصولہ এমন اسم কে বলে যার উদ্দেশ্য পরবর্তী জুমলা দ্বারা নির্ধারিত হয়।

প্রশ্ন ঃ صلہ কাকে বলে?

উত্তর ঃ যে জুমলা اسم موصول এর উদ্দেশ্য নির্ধারিত করে তাকে صلہ বলে।

প্রশ্ন ঃ عائد কাকে বলে?

উত্তর ঃ صلہ এর মধ্যে সাধারণত একটি ضمیر থাকে, যা اسم موصول এর দিকে ফিরে, তাকে ضمیر عائد বলা হয়।

প্রশ্ন ঃ اسمائے موصولہ কয়টি ও কি কি?

উত্তর ঃ اسمائے موصولہ বারটি। যথা ঃ

১. এক বচন مذکر -এর ক্ষেত্রে- اَلَّذِيْ

২. দ্বি বচন مذکر -এর ক্ষেত্রে- اَللَّذَانِ - اَللَّذَيْنِ

৩. বহু বচন مذکر -এর ক্ষেত্রে- اَلَّذِيْنَ

৪. এক বচন مؤنث -এর ক্ষেত্রে- اَلَّتِيْ

৪. দ্বি বচন مؤنث -এর ক্ষেত্রে- اَللَّتَانِ - اَللَّتَيْنِ

৫. বহু বচন مؤنث -এর ক্ষেত্রে- اَللَّاتِيْ - اَللَّوَاتِيْ

৬. غير ذوي العقول -এর ক্ষেত্রে- مَا

৭. ذوي العقول -এর ক্ষেত্রে- مَنْ

৮. مذکر -এর ক্ষেত্রে- اَيٌّ

৯. مؤنث -এর ক্ষেত্রে- اَيَّةٌ

১০. مذکر ও ও مؤنث উভয়ের ক্ষেত্রে- الف لام بمعنى الذي ইসমে ফায়েল ও ইসমে মাফউলে আসে। যেমন ঃ اَلضَّارِبُ - اَلْمَضْرُوْبُ

১১. বনী তাঈ গোত্রের ভাষারীতি অনুযায়ী ذُوْ শব্দটিও اَلَّذِيْ এর অর্থে আসে। যেমন ঃ جَاءَنِيْ ذُوْ ضَرَبَكَ (অর্থাৎ اَلَّذِيْ ضَرَبَكَ)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৮ ও ১২৯ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ أَيٌّ ও أَيَّةٌ শব্দ দু'টি মু'রাব না মাবনী?

উত্তর ঃ أَيٌّ এবং أَيَّةٌ শব্দ দুটি এক অবস্থায় مبنى তিন অবস্থায় معرب ।

প্রশ্ন ঃ أَيٌّ ও أَيَّةٌ কোন অবস্থায় معرب কোন অবস্থায় مبنى?

উত্তর ঃ أَيٌّ এবং أَيَّةٌ শব্দ দুটি যখন مضاف হয় এবং তার صله উল্লেখ করা না হয়, তখন مبني । যেমন ঃ أَيُّهُمْ قَائِمٌ

আর বাকী তিন অবস্থায় معرب

১. শব্দ দুটি مضاف হবে এবং صدرصله উল্লেখ থাকবে।

যেমন ঃ أَيُّهُمْ هُوَ قَائِمٌ

২. শব্দ দুটি مضاف হবে না এবং صدرصله উল্লেখ থাকবে না।

যেমন ঃ أَيٌّ قَائِمٌ

৩. শব্দ দুটি مضاف হবে না, কিন্তু صدر صله উল্লেখ থাকবে।

যেমন ঃ أَيٌّ هُوَ قَائِمٌ

চতুর্থ প্রকার

اسمائے افعال (ফেল এর অর্থবোধক ইস্‌মসমূহ)

প্রশ্ন ঃ اسمائے افعال কাকে বলে?

উত্তর ঃ اسمائے افعال - اسم فعل এর বহু বচন। اسم فعل এমন কালিমা যা ওযন ও কাঠামোগত اسم হলেও فعل এর অর্থ প্রদান করে।

প্রশ্ন ঃ اسمائے افعال কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ اسمائے افعال দুই প্রকার ঃ যথা ঃ

(১) ঐ সমস্ত اسمائے افعال যেগুলো امر حاضر এর অর্থ প্রকাশ করে। যেমন ঃ هَلُمَّ (এসো) حَيَّهَلْ (এসো) بَلْهَ (ছাড়) رُوَيْدَ (সুযোগ দাও)

(২) ঐ সমস্ত اسمائے افعال যেগুলো فعل ماضى এর অর্থ প্রকাশ করে। যেমন ঃ هَيْهَاتَ (দূর হয়েছে) شَتَّانَ (পৃথক হয়েছে)

পঞ্চম প্রকার

اسمائے اصوات (ধ্বনিসূচক শব্দসমূহ)

প্রশ্ন ঃ اسمائے اصوات কাকে বলে?

উত্তর ঃ যে সকল শব্দ দ্বারা কোন পশু-পাখি অথবা মানুষের আওয়াজ নকল করা হয় তাকে اسمائے اصوات বলে। যেমন ঃ اُحْ اُحْ (কাশির শব্দ) اُفْ (ব্যথা বেদনার শব্দ) بَخٍّ (আনন্দ প্রকাশের শব্দ) نَخٍّ উট বসানোর শব্দ) غَاقْ (কাকের আওয়াজ)।

ষষ্ঠ প্রকার

اسمائے ظروف (স্থান বা কালসূচক ইস্‌মসমূহ)

প্রশ্ন ঃ اسمائے ظروف কাকে বলে?

উত্তর ঃ যে সকল اسم কোন কাজের সময় অথবা স্থান বুঝায় তাকে اسمائے ظروف বলে।

প্রশ্ন ঃ اسمائے ظروف কত প্রকার ও কি কি?

উত্তর ঃ اسمائے ظروف দুই প্রকার।

(১) ظرف زمان (কালসুচক বিশেষ্য)

যেমন ঃ اِذْ - اِذَا - مَتٰى - كَيْفَ - اَيَّانَ - اَمْسِ - مُذْ - مُنْذُ - قَطُّ - عَوْضَ - قَبْلُ - بَعْدُ

(২) ظرف مكان (স্থানবাচক বিশেষ্য)

প্রশ্ন ঃ কোন কোন اسمائے ظروف কখন معرب আবার কখন مبني হয়?

উত্তর ঃ যে সকল اسمائے ظروف কখনো معرب ও কখনো مبني হয় তা হল- قَبْلُ - بَعْدُ . تَحْتُ - قُدَّامُ

এই ইসমগুলো দুই অবস্থায় معرب ও এক অবস্থায় مبني হয়।

১. مضاف اليه প্রকাশ্যে থাকবে। যেমন ঃ قَبْلَ اَيَّامٍ

২. অথবা যখন আদৌ مضاف হবে না। যেমন ঃ رُبَّ بَعْدٍ خَيْرٌ مِنْ قَبْلٍ
উক্ত দুই অবস্থায় معرب

(৩) আর যখন তার مضاف اليه মনে মনে থাকবে তখন সেগুলো ضمه এর উপর مبني হবে। যেমন ঃ لِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ وَمِنْ بَعْدُ

প্রশ্ন ঃ যে সকল ظروف أسمائے সর্বদা معرب হয় সেগুলো কি কি?

উত্তর ঃ اَمَامٌ . وَرَاءٌ . خَلْفٌ . يَمِيْنٌ . شِمَالٌ

সপ্তম প্রকার
اسمائے کنایات (অস্পষ্ট ইঙ্গিতসূচক বিশেষ্যসমূহ)

প্রশ্ন ঃ اسمائے کنایات কাকে বলে?

উত্তর ঃ যে সকল اسم দ্বারা কোন অস্পষ্ট সংখ্যা, কথা বা কাজের প্রতি ইঙ্গিত করা হয় তাদেরকে اسمائے کنایات বলে।

প্রশ্ন ঃ اسمائے کنایات কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ اسمائے کنایات দুই প্রকার।

১. সংখ্যার প্রতি ইঙ্গিত বাচক। যেমন ঃ كَمْ . كَذَا

২. কথা বা কাজের প্রতি ইঙ্গিত বাচক যেমন ঃ كَيْتَ . ذَيْتَ

অষ্টম প্রকার
مرکب بنائی (সংযুক্ত অপরিবর্তনশীল পদ)

যেমন ঃ اَحَدَعَشَرَ -এর আলোচনা পূর্বে অতিবাহিত হয়েছে।

অনুশীলনী

১। নিম্নোক্ত বাক্যগুলোতে ضمير এর প্রকার নির্ণয় কর।

اَطَعْنَا اللّٰهَ وَرَسُوْلَهٗ - اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ - لَنَا اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ

২। নিম্নলিখিত اسمائے اشارات ও اسمائے موصوله এর কোনটি مذكر এবং কোনটি مؤنث এবং কোনটি واحد কোনটি تثنيه এবং কোনটি جمع বল।

ذَانِ - اُولَاءِ - تَا - ذَيْنِ - تِهْ - ذِهْ - ذَا - تَيْنِ - ذِهِيْ -
اَلَّذَيْنِ - اَللَّوَاتِىْ - اَلَّتِىْ - اَلَّذَانِ - اَللَّتَيْنِ - اَللَّاتِىْ - اَيَّةٌ - اَىٌّ

নবম পাঠ

বিভিন্ন দৃষ্টিকোণ থেকে اسم -এর প্রকারভেদ

✪ জেনে রাখা উচিত যে, (নির্দিষ্ট ও অনির্দিষ্ট হওয়ার দিক থেকে) اسم দুই প্রকার। যথা ঃ (১) معرفه (নির্দিষ্ট) (২) نكره (অনির্দিষ্ট)

প্রশ্ন ঃ معرفة কাকে বলে?

উত্তর ঃ معرفه এমন ইসমকে বলে যদ্বারা কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝায়। যেমন ঃ شَمْسٌ . مَدْرَسَةٌ. بَكْرٌ

প্রশ্ন ঃ معرفة কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ معرفه সাত প্রকার।

(১) مضمرات (সর্বনাম) যেমন ঃ نَحْنُ . اَنَا

(২) اعلام (নামবাচক বিশেষ্য) যেমন ঃ عَمْرٌو - زَيْدٌ

(৩) اسمائے اشارات যেমন ঃ ذَانِ . ذَا

(৪) اسمائے موصوله যেমন ঃ اَلَّذِيْنَ . اَلَّذِيْ

(৫) معرف بالنداء (حرف ندا দ্বারা নির্দিষ্ট বিশেষ্য) যেমন ঃ يَا رَجُلُ

(৬) معرف باللام যেমন ঃ اَلرَّجُلُ (লোকটি)

(৭) معرف بالاضافة অর্থাৎ معرف بالنداء ব্যতীত বাকী পাঁচটি معرفه এর প্রতি যে اسم মুযাফ্ হয়, যেমন ঃ

غُلَامُهٗ (তারগোলাম) غُلَامُ زَيْدٍ (যায়েদের গোলাম)

غُلَامُ هٰذَا (ঐ ব্যক্তির গোলাম) غُلَامُ الرَّجُلِ (লোকটির গোলাম)

غُلَامُ الَّذِىْ عِنْدِىْ (তার গোলাম যে আমার নিকট আছে)

প্রশ্ন ঃ نكرة কাকে বলে?

উত্তর ঃ نكره এমন ইসমকে বলে যা অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝায়।

যেমন ঃ رَجُلٌ (একটি লোক) এবং فَرَسٌ (একটি ঘোড়া)।

লিঙ্গ হিসেবে ইসম -এর প্রকারভেদ

প্রশ্ন ঃ লিঙ্গ হিসেবে اسم কত প্রকার ও কি কি?

উত্তর ঃ লিঙ্গ হিসেবে اسم দুই প্রকার।

(১) مذكر (পুংলিঙ্গ) যেমন ঃ رَجُلٌ (একজন পুরুষ)

(২) مؤنث (স্ত্রীলিঙ্গ) যেমন ঃ اِمْرَأَةٌ (একজন মহিলা)

প্রশ্ন ঃ مذكر কাকে বলে?

উত্তর ঃ مذكر এমন ইসমকে বলে যাতে علامت تانيث (স্ত্রীলিঙ্গের চিহ্ন) পাওয়া যায় না । যেমন رَجُلٌ (পুরুষ)।

প্রশ্ন ঃ مؤنث কাকে বলে?

উত্তর ঃ مؤنث এমন ইমসকে বলে যাতে علامت تانيث পাওয়া যায়। যেমন ঃ اِمْرَأَةٌ (মহিলা)

প্রশ্ন ঃ مؤنث এর আলামত কয়টি ও কি কি?

উত্তর ঃ مؤنث এর আলামত চারটি।

১। تاء ملفوظه (স্পষ্ট 'তা') যেমন ঃ طَلْحَةٌ (একজনের নাম)
২। الف مقصورة (হ্রস্ব আলিফ)১ যেমন ঃ حُبْلٰى (গর্ভবতী মহিলা)
৩। الف ممدوده (দীর্ঘ আলিফ)২ যেমন ঃ حَمْرَاءُ (সুন্দরী মহিলা)
৪। تائے مقدره (উহ্য 'তা')৩ যেমন اَرْضٌ (পৃথিবী)

প্রশ্ন ঃ اَرْضٌ মূলত কি ছিল?

উত্তর ঃ اَرْضٌ শব্দটি মূলত ঃ اَرْضَةٌ ছিল। কেননা اَرْضٌ এর তাছগীর اُرَيْضَةٌ ব্যবহৃত হয়। আর কোন শব্দের تصغير করলে তার মূল রূপ প্রকাশ পায়। এ ধরনের مؤنث কে مؤنث سماعى (শ্রুতি নির্ভর স্ত্রীলিঙ্গ) বলে।

প্রশ্ন ঃ مؤنث কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ مؤنث দুই প্রকার।

(১) مونث حقيقى (প্রকৃত স্ত্রীলিঙ্গ)

(২) مونث لفظى বা مؤنث غير حقيقى (শব্দগত স্ত্রীলিঙ্গ)

প্রশ্ন ঃ **مؤنث حقيقى** কাকে বলে?

উত্তর ঃ مؤنث حقيقى ঐ مؤنث কে বলে যার বিপরীতে কোন পুরুষ জীব পাওয়া যায়। যেমন ঃ اِمْرَأَةٌ এর বিপরীতে رَجُلٌ এবং نَاقَةٌ (উষ্ট্রি) এর বিপরীতে جَمَلٌ (উট) পাওয়া যায়।

প্রশ্ন ঃ **مؤنث لفظى** কাকে বলে?

উত্তর ঃ مؤنث لفظى ঐ مؤنث কে বলে যার বিপরীতে কোন পুরুষ জীব পাওয়া যায় না। যেমন ঃ ظُلْمَةٌ (অন্ধকার) এবং قُوَّةٌ (শক্তি)

বচন হিসেবে ইসম এর প্রকারভেদ

প্রশ্ন ঃ বচন হিসেবে اسم কত প্রকার ও কি কি?

উত্তর ঃ বচন হিসাবে ইসম তিন প্রকার ঃ

(১) واحد (একবচন) যেমন ঃ كِتَابٌ

(২) مثنى (দ্বিবচন) যেমন ঃ كِتَابَانِ

(৩) مجموع (বহুবচন) যেমন ঃ كُتُبٌ

প্রশ্ন ঃ **واحد - مثني** ও **مجموع** কাকে বলে?

উত্তর ঃ

✪ واحد ঐ اسم কে বলা হয় যদ্দারা একজন ব্যক্তি বা বস্তু বুঝায়।

যেমন ঃ رَجُلٌ (একজন পুরুষ)

✪ مثنى ঐ اسم কে বলে যার শেষাংশে আলিফ অথবা ইয়া পূর্বাক্ষর যবর এবং نون مكسوره যোগ করার ফলে দুজন ব্যক্তি বা বস্তু বুঝায়। যেমন ঃ رَجُلَيْنِ - رَجُلَانِ (দুজন পুরুষ)

✪ جمع ঐ اسم কে বলে যার واحد এর গঠনে প্রকাশ্য বা অপ্রকাশ্য পরিবর্তন করার ফলে দু'য়ের অধিক ব্যক্তি বা বস্তু বুঝায়।

প্রকাশ্য পরিবর্তন, যেমন : رَجُلٌ এর বহুবচন رِجَالٌ অপ্রকাশ্য পরিবর্তন যেমন : فلك (নৌকাগুলি) তার ওয়াহেদও فلك যদি তা قُفُلٌ এর ওজনে ধরা হয় তখন ওয়াহেদ। আর যদি أُسُدٌ এর ওজনে ধরা হয় তখন جمع

প্রশ্ন : শব্দ হিসেবে جمع কত প্রকার ও কি কি?

উত্তর : শব্দ হিসেবে جمع দুই প্রকার।

(১) جمع تكسير (অনিয়মিত বহুবচন)

(২) جمع تصحيح (নিয়মিত বহুবচন)

প্রশ্ন : جمع تكسير কাকে বলে?

উত্তর : جمع تكسير ঐ جمع কে বলে যাতে واحد এর وزن ঠিক থাকে না। যেমন : رَجُلٌ এর বহুবচন رِجَالٌ - مَسْجِدٌ -এর বহুবচন مَسَاجِدُ

প্রশ্ন : جمع تكسير বানানোর নিয়ম কি?

উত্তর : তিন অক্ষর বিশিষ্ট (ثلاثى) শব্দের جمع تكسير বানানোর নির্দিষ্ট কোন وزن নেই। এগুলো سماعي অর্থাৎ শ্রুতি নির্ভর। তবে চার অক্ষর বিশিষ্ট (رباعى) এবং পাঁচ অক্ষরবিশিষ্ট (خماسى) শব্দের جمع تكسير সাধারণতঃ فعالل এর وزن এ ব্যবহৃত হয়। যেমন : جَعْفَرٌ (এক ব্যক্তির নাম) এর বহুবচন جَعَافِرُ এবং جَحْمَرِشٌ (অতিবৃদ্ধা) এর বহুবচন جَحَامِرُ এখানে পঞ্চম অক্ষরটিকে (حذف বা) বিলুপ্ত করা হয়েছে।

প্রশ্ন : جمع تصحيح কাকে বলে?

উত্তর : جمع تصحيح ঐ جمع কে বলে যার মধ্যে واحد এর وزن ঠিক থাকে। (এটির অপর নাম جمع سالم)

প্রশ্ন ঃ جمع تصحيح কত প্রকার ও কি কি?

উত্তর ঃ **جمع تصحيح (বা جمع سالم) দুই প্রকার।**

(১) جمع مذكر سالم (বহুবচন পুংলিঙ্গ)

(২) جمع مؤنث سالم (বহুবচন স্ত্রীলিঙ্গ)

প্রশ্ন ঃ جمع مذكر سالم কাকে বলে?

উত্তর ঃ جمع مذكر سالم : ঐ جمع কে বলে যার শেষাংশে واوماقبل مضموم অথবা ياء ماقبل مكسور এবং نون مفتوح সংযুক্ত করা হয়। যেমন- مُسْلِمُوْنَ ، مُسْلِمِيْنَ

প্রশ্ন ঃ جمع مؤنث سالم কাকে বলে?

উত্তর ঃ جمع مؤنث سالم : ঐ جمع কে বলে যার শেষাংশে الف এবং (লম্বা) تاء সংযুক্ত করা হয়। যেমন- مُسْلِمَاتٌ

প্রশ্ন ঃ অর্থ হিসেবে جمع কত প্রকার ও কি কি?

উত্তর ঃ অর্থ হিসাবে جمع দুই প্রকার। যথা ঃ

(১) جمع قلت (কম সংখ্যাবোধক বহুবচন)

(২) جمع كثرت (অধিক সংখ্যাবোধক বহুবচন)

প্রশ্ন ঃ جمع قلت কাকে বলে?

উত্তর ঃ جمع قلت ঐ جمع কে বলে যা তিন থেকে দশের নিম্নে যে কোন সংখ্যক ব্যক্তি বা বস্তু বুঝায়।

প্রশ্ন ঃ جمع قلت এর وزن কয়টি ও কি কি?

উত্তর ঃ جمع قلت এর وزن ৪টি। যথা ঃ

(১) اَفْعُلٌ যেমন ঃ اَكْلُبٌ (কুকুরগুলি)

(২) اَفْعَالٌ যেমন ঃ اَقْوَالٌ (বক্তব্য সমূহ)

(৩) اَفْعِلَةٌ যেমন ঃ اَعْوِنَةٌ (মধ্য বয়সী মহিলাগণ)

(৪) فِعْلَةٌ যেমন ঃ غِلْمَةٌ (গোলামগুলি)

এছাড়া আলিফ লাম বিহীন جمع سالم -এর দুটি ওজনও (যেমন ঃ مُسْلِمَاتٌ ও مُسْلِمُوْنَ) جمع قلت হিসাবে ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ جمع كثرت কাকে বলে?

উত্তর ঃ جمع كثرت ঐ جمع কে বলে যা দশ বা দশ এর অধিক সংখ্যক ব্যক্তি বা বস্তু বুঝায়।

প্রশ্ন ঃ جمع كثرت এর وزن কয়টি ও কি কি?

উত্তর ঃ جمع قلت এর ছয়টি ওজন ছাড়া বাকী সমস্ত ওযনই جمع كثرت এর ওজন।

অনুশীলনী

১। কি কি উপায়ে نكره কে معرفه বানানো যায়? উদাহরণ দিয়ে বুঝাও।

২। নিম্নলিখিত শব্দগুলি معرفه না نكره বল–

ذَالِكَ الْكِتَابُ - شَجَرَةٌ - غُلَامُهُ -كِتَابُ هٰذَا الرَّجُلِ - يَاخَادِمُ -

৩। নিম্নলিখিত শব্দগুলি مؤنث حقيقى না কি مؤنث لفظى প্রমাণসহ বুঝিয়ে বল।

نَاقَةٌ - حَقِيْبَةٌ - طَاقَةٌ - صَنْعَةٌ - اِمْرَأَةٌ - دُجَاجَةٌ .

৪। جمع বানানোর নিয়ম কয়টি ও কি কি? প্রত্যেকটির উদাহরণ দাও।

৫। নিম্নলিখিত শব্দগুলির বচন নির্দিষ্ট কর এবং واحد হলে তার جمع কি হবে? অথবা جمع হলে তার واحد কি হবে? বল ঃ

جِبَالٌ - نِسَاءٌ - مُؤْمِنَةٌ - فُلْكٌ - غَافِلَاتٌ - حَافِظَةٌ -

দশম পাঠ

اسم متمكن এর اعراب এর বর্ণনা

প্রশ্ন ঃ اسم معرب এর اعراب কয়টি ও কি কি?

উত্তর ঃ اسم معرب এর اعراب তিনটি।

(১) رفع (২) نصب (৩) جر

প্রশ্ন ঃ اعراب হিসেবে اسم متمكن কয় প্রকার?

উত্তর ঃ اعراب হিসেবে اسم متمكن মোট ১৬ প্রকার।

প্রথম প্রকার ঃ مفرد منصرف صحيح । যেমন ঃ زَيْدٌ

দ্বিতীয় প্রকার ঃ مفرد منصرف جارى مجرائے صحيح

(একবচন ছহীহ সমতুল্য ইস্‌ম) যেমন ঃ ظَبْيٌ - دَلْوٌ

তৃতীয় প্রকার ঃ جمع مكسر منصرف যেমন ঃ رِجَالٌ

প্রশ্ন ঃ উপরোক্ত তিন প্রকার ইস্‌ম -এর اعراب কি?

উত্তর ঃ উপরোক্ত তিন প্রকার ইস্‌ম -এর حالت رفع তে জুম্মাহ, حالت نصب এ ফাতহা এবং حالت جر এ কাছরাহ হয়।

حالت رفع যেমন ঃ جَاءَنِیْ زَيْدٌ وَظَبْيٌ وَرِجَالٌ
(আমার নিকট যায়েদ এবং একটি হরিণ ও বহুলোক এসেছে)

حالت نصب যেমন ঃ رَأَيْتُ زَيْدًا وَظَبْيًا وَرِجَالًا
(আমি যায়েদ এবং একটি হরিণ ও বহুলোককে দেখেছি)

حالت جر যেমন ঃ مَرَرْتُ بِزَيْدٍ وَظَبْيٍ وَرِجَالٍ
(আমি যায়েদ এবং একটি হরিণ ও বহুলোকের পাশ দিয়ে গমণ করেছি)

প্রশ্ন ঃ مفرد দ্বারা কি বুঝানো হয়ে থাকে?

উত্তর ঃ مفرد দ্বারা একথা বুঝানো হয় যে,

(১) শব্দটি মুফরাদ অর্থাৎ শব্দটি মুরাক্কাব নয়। যেমন কিতাবের শুরুতে বলা হয়েছে– "ব্যবহৃত শব্দ দুই প্রকার ঃ মুফরাদ ও মুরাক্কাব।"

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৯ পৃষ্ঠায় দেখুন

(২) শব্দটি মুফরাদ অর্থাৎ শব্দটি তাছনীয়া ও জমা নয়। এ উদ্দেশ্যেই এখানে মুফরাদ শব্দটি ব্যবহৃত হয়েছে।

(৩) শব্দটি মুফরাদ অর্থাৎ শব্দটি মুযাফ নয়। এ উদ্দেশ্যেই লায়ে নফী জিন্‌স-এর আলোচনায় ব্যবহৃত হয়েছে। যা সামনে আসছে।

(৪) শব্দটি মুফরাদ অর্থাৎ শব্দটি মুযাফ বা মুশাবা মুযাফ নয়। এই উদ্দেশ্যেই হরফে নেদা এর আলোচনায় ব্যবহৃত হয়েছে। এটাও সামনে আসছে।

প্রশ্ন ঃ صحيح ও جارى مجرائے صحيح দ্বারা কি বুঝানো হয়েছে?

উত্তর ঃ صحيح দ্বারা এমন শব্দ বুঝানো হয়েছে, যার শেষাক্ষরে حرف علت নেই।

جارى مجرائے صحيح দ্বারা এমন শব্দকে বুঝানো হয়েছে যার শেষে حرف علت হলেও তার পূর্বের শব্দ ساكن হয় এ কারণে صحيح এর মত পড়তে সহজ হয়।

চতুর্থ প্রকার ঃ جمع مؤنث سالم

প্রশ্ন ঃ جمع مؤنث سالم এর اعراب কি কি?

উত্তর ঃ جمع مؤنث سالم এর حالت رفع তে ضمة এবং حالت نصب ও جر এ كسره হয়।

حالت رفع যেমন ঃ هُنَّ مُسْلِمَاتٌ (তারা মুসলিম মহিলা)

حالت نصب যেমন ঃ رَأَيْتُ مُسْلِمَاتٍ (মহিলাদেরকে দেখেছি)

حالت جر যেমন ঃ مَرَرْتُ بِمُسْلِمَاتٍ (আমি মহিলাদের নিকট দিয়ে গিয়েছি।)

পঞ্চম প্রকার ঃ غير منصرف

প্রশ্ন ঃ غير منصرف কাকে বলে?

উত্তর ঃ غير منصرف এমন اسم কে বলে যাতে منصرف পড়তে বাধা প্রদানকারী নয়টি اسباب এর দুটি سبب অথবা দুটির সমান একটি سبب পাওয়া যায়।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৯ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ منصرف পড়তে বাধা প্রদানকারী اسباب কয়টি ও কি কি?

উত্তর ঃ منصرف পড়তে বাধা প্রদানকারী اسباب নয়টি। যথা ঃ

(১) عدل (২) وصف (৩) تانيث (৪) معرفه (৫) عجمه

(৬) جمع (৭) تركيب (৮) وزن فعل (৯) الف ونون زائدتان

যেমন ঃ عُمَرُ - اَحْمَرُ - طَلْحَةُ - زَيْنَبُ - اِبْرَاهِيْمُ - مَسَاجِدُ - مَعْدِيْكَرَبُ - اَحْمَدُ عِمْرَانُ -

প্রশ্ন ঃ যে একটি سبب দু'টি سبب এর সমান সেগুলো কি কি?

উত্তর ঃ غير منصرف-এর যে একটি سبب দু'টি سبب এর সমান এগুলো হল-

(১) جمع অর্থাৎ جمع منتهى الجموع-এর اوزان

যেমন ঃ مَسَاجِدُ . مَصَابِيْحُ

(২) تانيث بالالف المقصورة যেমন ঃ حُبْلٰى

(৩) تانيث بالالف الممدودة যেমন ঃ حَمْرَاءُ . سَوْدَاءُ . صَفْرَاءُ

প্রশ্ন ঃ غير منصرف এর اعراب কি?

উত্তর ঃ غير منصرف এর حالت رفع তে জুম্মাহ, حالت نصب এবং حالت جر এ فتحه হয়।

حالت رفع যেমন ঃ جَاءَ عُمَرُ (উমর এসেছে)

حالت نصب যেমন ঃ رَاَيْتُ عُمَرَ (আমি উমরকে দেখেছি)

حالت جر যেমন ঃ مَرَرْتُ بِعُمَرَ (আমি উমরের কাছ দিয়ে গিয়েছি)

ষষ্ঠ প্রকার ঃ اسمائے سته مكبره

প্রশ্ন ঃ اسمائے سته مكبره কি কি?

উত্তর ঃ (১) اَبٌ (বাবা) (২) اَخٌ (ভাই) (৩) حَمٌ (দেবর)

(৪) هَنٌ (লজ্জাস্থান) (৫) فَمٌ (মুখ) (৬) ذُوْ مَالٍ (মালের মালিক)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩০ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ اسمائے ستہ مکبرہ এর اعراب কি?

উত্তর ঃ এ ইসমগুলোর حالت رفع তে واؤماقبل مضموم এবং حالت نصب এ الف ماقبل مفتوح এবং حالت جار এ یائےماقبل مکسور হবে।

حالت رفع যেমন ঃ جَاءَ اَبُوْكَ (তোমার পিতা এসেছেন)

حالت نصب যেমন ঃ رَأَيْتُ اَبَاكَ (আমি তোমার পিতাকে দেখেছি)

حالت جر যেমন ঃ مَرَرْتُ بِاَبِيْكَ (আমি তোমার পিতার সাথে গিয়েছি)

প্রশ্ন ঃ اسمائے ستہ مکبرہ এর মাঝে উপরোক্ত اعراب হওয়ার জন্য শর্ত কয়টি?

উত্তর ঃ اسمائے ستہ مکبرہ এর মাঝে উপরোক্ত اعراب হওয়ারে জন্য মোট চারটি শর্ত।

(১) এই ইছমগুলি মুফরাদ হবে। (২) এই ইছমগুলি মুযাফ হবে (৩) এই ইছমগুলি মুছাগ্‌গার হবে না (৪) এই ইছমগুলি یائے متکلم ব্যতীত অন্য কোন ইসম এর দিকে মুযাফ হবে।

প্রশ্ন ঃ اسمائے ستہ مکبرہ বা مصغرة যদি یاء متکلم এর দিকে اضافت হয় তবে তার اعراب কি হবে?

উত্তর ঃ اسمائے ستہ مکبرہ বা مصغرہ যদি یاء متکلم এর দিকে اضافت হয় তবে তার اعراب সর্বাবস্থায় تقديري হবে। যেমন ঃ

جَاءَ أَبِيْ - رَأَيْتُ أَبِيْ - مَرَرْتُ بِأَبِيْ

প্রশ্ন ঃ এ ইসমগুলি যদি مضاف না হয় তাহলে এগুলির اعراب কি হবে?

উত্তর ঃ اسمائے ستہ مکبرہ যদি مضاف না হয় তখন اعراب بالحرکات হবে। যেমন ঃ - جَاءَ الْاَبُ - رَأَيْتُ الْاَبَ - مَرَرْتُ بِالْاَبِ

প্রশ্ন ঃ اسمائے ستہ مصغرة এর اعراب কি?

উত্তর ঃ اسمائے ستہ مصغرة অন্য শব্দের দিকে مضاف হোক বা না হোক সর্বাস্থায় اعراب بالحرکات হবে।

যেমন ঃ جَاءَ اُبَيُّكَ - رَأَيْتُ اُبَيَّكَ - مَرَرْتُ بِاُبَيِّكَ

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩০ পৃষ্ঠায় দেখুন

সপ্তম প্রকার ঃ **مثنى** (দ্বিবচন) যেমন ঃ رَجُلَانِ (দুজন পুরুষ)

অষ্টম প্রকার ঃ **كِلَا وكِلْتَا** যখন ضمير এর দিকে مضاف হয়।

নবম প্রকার ঃ **اِثْنَانِ واِثْنَتَانِ**

প্রশ্ন ঃ উপরোক্ত তিন প্রকার اسم এর মাঝে কি اعراب হবে?

উত্তর ঃ এই তিন প্রকার اسم এ حالت رفع তে الف - হালাতে নছব এবং حالت جر এ يائے ماقبل مفتوح হবে।

حالت رفع যেমনঃ جَاءَ نِيْ رَجُلَانِ وَكِلَاهُمَا واِثْنَانِ
(আমার নিকট দুইজন পুরুষ /উভয়ে/ দুজন এসেছে)

حالت نصب যেমন ঃ رَاَيْتُ رَجُلَيْنِ وكِلَيْهِمَا واِثْنَيْنِ
(আমি দুইজন পুরুষকে/উভয়কে/ দুজনকে দেখেছি)

حالت جر যেমনঃ مَرَرْتُ بِرَجُلَيْنِ و كِلَيْهِمَا واِثْنَيْنِ
(আমি দুইজন পুরুষের/উভয়ের/দুজনের পাশ দিয়ে গিয়েছি)

দশম প্রকার ঃ **جمع مذكر سالم** যেমন ঃ مُسْلِمُوْنَ

একাদশতম প্রকার ঃ **اُولُوْ** (ذُوْ শব্দের বহুবচন)

দ্বাদশতম প্রকার ঃ عِشْرُوْنَ থেকে تِسْعُوْنَ পর্যন্ত দশক সংখ্যাগুলো

প্রশ্ন ঃ উপরোক্ত তিন প্রকার اسم এর মাঝে কি اعراب হবে?

উত্তর ঃ উপরোক্ত তিন প্রকার اسم এ حالت رفع তে واؤ ماقبل مضموم হালাতে নছবে এবং حالت جر এ يائے ماقبل مكسور হবে।

حالت رفع যেমন ঃ جَاءَ نِيْ مُسْلِمُوْنَ وَاُولُوْ مَالٍ وعِشْرُوْنَ رَجُلًا-

حالت نصب যেমন ঃ رَأَيْتُ مُسْلِمِيْنَ وَاُولِىْ مَالٍ وعِشْرِيْنَ رَجُلًا

حالت جر যেমন ঃ مَرَرْتُ بِمُسْلِمِيْنَ واُولِىْ مَالٍ وعِشْرِيْنَ رَجُلًا

ত্রয়োদশতম প্রকার ঃ اسم مقصور

প্রশ্ন ঃ اسم مقصور কাকে বলে?

উত্তর ঃ اسم مقصور ঐ- اسم কে বলে যার শেষাংশে الف مقصوره পাওয়া যায়। যেমন ঃ مُوْسٰى

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩০ ও ১৩১ পৃষ্ঠায় দেখুন

চতুর্দশতম প্রকার ঃ غير جمع مذكر سالم مضاف بيائے متكلم

(জমা মুযাক্কার সালেম ব্যতিত অন্য কোন ইস্‌ম متكلم يائے এর দিকে ইযাফত হয়)। যেমন ঃ غُلَامِىْ

প্রশ্ন ঃ উপরোক্ত ইসম -এর মাঝে কি اعراب হয়

উত্তর ঃ উপরোক্ত দুই প্রকার ইসম এর حالت رفع তে তাকদীরী জুম্মা حالت نصب এ তাকদীরী ফাতহা এবং حالت جر এ তাকদীরী কাছরাহ হয়।

حالت رفع	যেমন ঃ	جَاءَنِىْ مُوْسٰى وَغُلَامِىْ
حالت نصب	যেমন ঃ	رَاَيْتُ مُوْسٰى وغُلَامِىْ
حالت جر	যেমন ঃ	مَرَرْتُ بِمُوْسٰى وَغُلَامِىْ

পঞ্চদশতম প্রকার ঃ اسم منقوص

প্রশ্ন ঃ اسم منقوص কাকে বলে?

উত্তর ঃ اسم منقوص ঐ اسم কে বলে যার শেষাংশে يائے ماقبل مكسور হয়। যেমন ঃ الْقَاضِىْ

প্রশ্ন ঃ اسم منقوص এর মাঝে কি اعراب হয়?

উত্তর ঃ اسم منقوص এর حالت رفع তে تقديرى ضمه হালাতে নছব এ لفظى فتحه এবং حالت جر এ تقديرى كسره হয়।

حالت رفع	যেমন ঃ	جَاءَ الْقَاضِىْ
حالت نصب	যেমন ঃ	رَأَيْتُ الْقَاضِىَ
حالت جر	যেমন ঃ	مَرَرْتُ بِالْقَاضِىْ

ষষ্ঠদশতম প্রকার ঃ جمع مذكر سالم مضاف بيائے متكلم

প্রশ্ন ঃ مُسْلِمِىَّ কি ছিল এবং مُسْلِمِىَّ তে কিভাবে রূপান্তরিত হল?

উত্তর ঃ مُسْلِمِىَّ এটা মূলত ঃ مُسْلِمُوْنَ ى ছিল ইযাফতের কারণে نون কে ফেলে দেয়া হলো। তারপর واؤ ساكن কে ياء ساكن দ্বারা

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩১ পৃষ্ঠায় দেখুন

পরিবর্তন করে এক ياء কে অপর ياء -এর মধ্যে ইদগাম করা হলো তারপর ياء এর সাথে সামঞ্জস্যের জন্য ضمه কে كسره দ্বারা পরিবর্তন করা হলো।

প্রশ্ন ঃ جمع مذكر سالم مضاف بيائے متكلم এর اعراب কি?

উত্তর ঃ তার হালাতে রফাতে تقديرى واؤ - حالت نصب এবং حالت جر এ يائے ماقبل مكسور হয়।

حالت رفع যেমন ঃ جَاءَ مُسْلِمِىَّ

حالت نصب যেমন ঃ رَأَيْتُ مُسْلِمِىَّ

حالت جر যেমন ঃ مَرَرْتُ بِمُسْلِمِىَّ ✪

অনুশীলনী

১। নিম্নবর্ণিত উদাহরণগুলোতে কিরূপে এ'রাব হয়েছে বল।

اَللّٰهُ خَالِقُ الْاَرْضِ - مُحَمَّدٌ رَسُوْلُ اللّٰهِ - اُحِبُّ اللّٰهَ وَرَسُوْلَهٗ - اَللّٰهُمَّ انْصُرِ الْمُسْلِمَاتِ - حَصَلَ الطَّالِبُ عَلٰى دَرَجَاتٍ عَالِيَةٍ فِي الْاِمْتِحَانِ - ذَهَبَتْ فَاطِمَةُ اِلَى الْمَدْرَسَةِ - صَدَقَ اَبُوْ سَعِيْدٍ - يُحِبُّ النَّاسُ اَبَاهُ - تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ - اَوْرَقَتِ الشَّجَرَتَانِ - بَشَّرَ اللّٰهُ الْمُؤْمِنِيْنَ بِاَنَّ لَهُمْ جَنَّةً - اَرْسَلَ اللّٰهُ مُوْسٰى اِلٰى فِرْعَوْنَ - صَدِيْقِىْ تِلْمِيْذٌ جَيِّدٌ - نَحْتَرِمُ الْقَاضِىَ - قُلْ هٰذِهٖ سَبِيْلِىْ اَدْعُوْ اِلَى اللّٰهِ -

---

✪ লক্ষ্য করলে আমরা দেখতে পাই যে, এই ১৬ প্রকারে মোট ৯টি পদ্ধতিতে এরাব দেয়া হয়েছে। প্রথম তিন প্রকারে ১ম পদ্ধতি, ৪র্থ প্রকারে দ্বিতীয় পদ্ধতি, ৫ম প্রকারে ৩য় পদ্ধতি, ৬ষ্ঠ প্রকারে ৪র্থ পদ্ধতি, ৭ম, ৮ম ও ৯ম প্রকারে (এই তিনটিতে) ৫ম পদ্ধতি, ১০ম, ১১শ ও ১২শ প্রকার, এই তিনটিতে ৬ষ্ঠ পদ্ধতি, ১৩শ ও ১৪শ প্রকার এই দুইটিতে ৭ম পদ্ধতি, ১৫শ প্রকারে ৮ম পদ্ধতি, ১৬শ প্রকারে ৯ম পদ্ধতি। তম্মধ্যে প্রথম তিনটি পদ্ধতিতে প্রকাশ্যে হরকত হয়েছে। পরবর্তী তিনটি পদ্ধতিতে প্রকাশ্য হরফ হয়েছে এবং শেষ তিনটি পদ্ধতিতে অপ্রকাশ্য এরাব হয়েছে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩১ পৃষ্ঠায় দেখুন

একাদশ পাঠ
فعل مضارع -এর اعراب -এর বর্ণনা

প্রশ্ন ঃ فعل مضارع -এর اعراب কয়টি ও কি কি?

উত্তর ঃ فعل مضارع এর اعراب মোট তিনটি।

(১) رفع (২) نصب (৩) جزم

প্রশ্ন ঃ فعل معرب কাকে বলে?

উত্তর ঃ فعل معرب ঐ فعل কে বলে যার পূর্বে বিভিন্ন ধরনের عامل আসার কারণে তার শেষাক্ষরে বিভিন্ন রূপ ধারণ করে।

প্রশ্ন ঃ فعل مبني কাকে বলে?

উত্তর ঃ فعل مبني ঐ فعل কে বলে যার পূর্বে বিভিন্ন ধরনের عامل আসলেও তার শেষাক্ষর বিভিন্ন রূপ ধারণ করে না।

প্রশ্ন ঃ فعل مبني কত প্রকার ও কি কি?

উত্তর ঃ فعل مبني চার প্রকার।

(১) فعل ماضي (২) فعل مضارع مع نون جمع مؤنث غائب وحاضر

(৩) مضارع مع نون تاكيد (৪) امر حاضر معروف

প্রশ্ন ঃ فعل معرب কয়টি?

উত্তর ঃ فعل مضارع এর جمع مؤنث غائب وحاضر -এর ছীগা ব্যতিত সমস্ত ছীগা মু'রাব।

প্রশ্ন ঃ فعل مضارع এর কয়টি ছীগা মু'রাব এবং কয়টি ছীগা মাবনী? যে সকল ছীগা মু'রাব এগুলোর اعراب -এর সহজ বর্ণনা দাও।

উত্তর ঃ فعل مضارع -এর ১৪টি ছীগার মধ্যে দু'টি ছীগা جمع مؤنث غائب ও جمع مؤنث حاضر (يَفْعَلْنَ - تَفْعَلْنَ) মাবনী। বাকী বারটি ছীগাকে দু'প্রকারে বিভক্ত করা হয়েছে।

প্রথম প্রকার হলো نون اعرابی বিহীন ছীগাগুলো। এ ধরনের ছীগা পাঁচটি। যথা ঃ

يَفْعَلُ - تَفْعَلُ - تَفْعَلُ - اَفْعَلُ - نَفْعَلُ - يَفْعَلَانِ تَفْعَلَانِ -
تَفْعَلَانِ - تَفْعَلَانِ -يَفْعَلُوْنَ - تَفْعَلُوْنَ - تَفْعَلِيْنَ .

এই সাতটি صيغه এর اعراب -এর একটি মাত্র অবস্থা, যা চতুর্থ প্রকারে উল্লেখ করা হয়েছে।

প্রশ্ন ঃ اعراب হিসেবে فعل مضارع কত প্রকার ও কি কি?

উত্তর ঃ اعراب হিসাবে فعل مضارع মোট চার প্রকার।

প্রথম প্রকার ঃ فعل مضارع এর ঐ সকল ছীগা যেগুলি صحيح হয় এবং ضمير এর واحد مؤنث حاضر এবং جمع، تشنيه থেকে খালি হয় যেমন ঃ نَفْعَلُ - اَفْعَلُ - تَفْعَلُ - تَفْعَلُ - يَفْعَلُ

এই ছীগাগুলির হালাতে রফা'তে জুম্মা, হালাতে নছবে ফাতহা, হালাতে জযমে সাকিন হবে।

হালাতে রফা	যেমন ঃ هُوَ يَضْرِبُ
হালাতে নছব	যেমন ঃ لَنْ يَّضْرِبَ
হালাতে জযম	যেমন ঃ لَمْ يَضْرِبْ

দ্বিতীয় প্রকার ঃ উপরোক্ত পাঁচটি صيغه যদি معتل واوى হয়। যেমনঃ يَغْزُوْ অথবা معتل يائى হয়। যেমনঃ يَرْمِىْ

তখন এগুলোর حالت رفع তে تقديرى ضمه এবং حالت نصب এ লফযী ফাতহা এবং হালাতে জযমে হযফে লাম বা শেষাক্ষর লুপ্ত হয়ে যাবে। যেমনঃ

لَمْ يَغْزُ ولَمْ يَرْمِ - لَنْ يَغْزُوَ ويَرْمِىَ - هُوَ يَغْزُوْ ويَرْمِىْ

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩২ পৃষ্ঠায় দেখুন

তৃতীয় প্রকার ঃ উপরোক্ত পাঁচটি صيغه যদি معتل الفى হয়। যেমনঃ يرضى তাহলে এগুলোর حالت رفع তে تقديرى ضمه এবং حالت نصب এ تقديرى فتحه এবং حالت جزم এ حذف لام অর্থাৎ শেষাক্ষর বিলুপ্ত হয়ে যাবে।

যেমন ঃ هُوَ يَرْضٰى - لَنْ يَرْضٰى - لَمْ يَرْضَ

চতুর্থ প্রকার ঃ فعل مضارع এর (নুনে এ'রাবীযুক্ত) ঐ সমস্ত ছীগা যেগুলোতে ضمير এর تثنيه وجمع مذكر বা واحد مؤنث পাওয়া যায়। এ ছীগাগুলি চাই صحيح হোক অথবা معتل হউক এগুলোর حالت رفع তে اثبات نون (নুন বিদ্যমান থাকবে) এবং হালাতে নছব ও হালাতে জযমে اسقاط نون (নুন বিলুপ্ত হয়ে যাবে) ✪ যেমন ঃ

তাছনিয়াহ ছহীহ ও মু'তাল হালাতে রফা

هُمَا يَضْرِبَانِ وَيَغْزُوَانِ وَيَرْمِيَانِ وَيَرْضَيَانِ

জমা মুযাক্কার ছহীহ ও মু'তাল হালাতে রফা

هُمْ يَضْرِبُوْنَ وَيَغْزُوْنَ وَيَرْمُوْنَ وَيَرْضَوْنَ

✪ فعل مضارع -এর চৌদ্দটি ছীগার মধ্যে দু'টি ছীগা অর্থাৎ جمع مؤنث غائب ও جمع مؤنث حاضر (يَفْعَلْنَ - تَفْعَلْنَ) মাবনী। বাকী বারটি ছীগাকে দু'ভাগে বিভক্ত করা হয়েছে। প্রথম প্রকার হলো نور اعرابى বিহীন صيغه গুলো। এ ধরনের ছীগা মোট পাঁচটি । যথা ঃ يَفْعَلُ - تَفْعَلُ - تَفْعَلُ - اَفْعَلُ - نَفْعَلُ

এই পাঁচটি صيغه - তে তিন পদ্ধতিতে اعراب হয়। এগুলো মূল كتاب-এর মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় প্রকারে আলোচনা করা হয়েছে। চতুর্থ প্রকার হলো ঐ صيغه গুলো যেগুলোতে نون اعرابى পাওয়া যায়। এধরনের صيغه মোট ৭টি। যথা- يَفْعَلَانِ - تَفْعَلَانِ - تَفْعَلَانِ - تَفْعَلَانِ - يَفْعَلُوْنَ - تَفْعَلُوْنَ - تَفْعَلِيْنَ.

এই সাতটি ছীগার একটি মাত্র অবস্থা, যা কিতাবে চতুর্থ প্রকারে উল্লেখ করা হয়েছে। এই হলো ফে'লে মুযারে'র এ'রাবের চার প্রকার।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩২ পৃষ্ঠায় দেখুন

ওয়াহেদ মুয়ান্নাছ হাজের ছহীহ ও মু'তাল হালাতে রফা

أَنْتِ تَضْرِبِيْنَ وَتَغْزِيْنَ وَ تَرْمِيْنَ وَتَرْضَيْنَ

তাছনিয়াহ ছহীহ ও মু'তাল হালাতে নছব

لَنْ يَضْرِبَا وَلَنْ يَغْزُوَا وَلَنْ يَرْمِيَا وَلَنْ يَرْضَيَا

হালাতে জযম

وَلَمْ يَضْرِبَا وَلَمْ يَغْزُوَا وَلَمْ يَرْمِيَا وَلَمْ يَرْضَيَا

জমা মুযাক্কার ছহীহ ও মু'তাল হালাতে নছব

لَنْ يَضْرِبُوْا وَلَنْ يَغْزُوْا وَلَنْ يَرْمُوْا وَلَنْ يَرْضَوْا

হালাতে জযম

وَلَمْ يَضْرِبُوْا وَلَمْ يَغْزُوْا وَلَمْ يَرْمُوْا وَلَمْ يَرْضَوْا

ওয়াহেদ মুয়ান্নাছ হাজের ছহীহ ও মু'তাল হালাতে নছব

لَنْ تَضْرِبِيْ وَلَنْ تَغْزِيْ وَلَنْ تَرْمِيْ وَلَنْ تَرْضَيْ

হালাতে জযম

وَلَمْ تَضْرِبِيْ وَلَمْ تَغْزِيْ وَلَمْ تَرْمِيْ وَلَمْ تَرْضَيْ

২

অনুশীলনী

১। নিম্নেবর্ণিত فعل مضارع -এর ছীগাগুলোর اعراب এবং اعراب -এর আলামত বর্ণনা কর।

يَعْبُدُ الْمُسْلِمُ رَبَّهُ - لَنْ يَرْجِعَ اَحَدٌ بَعْدَ مَوْتِهِ - اُرِيْدُ اَنْ اَتَعَلَّمَ الْقُرْآنَ. لَمْ يَرْجِعْ اَحَدٌ بَعْدَ مَوْتِهِ - اَلشُّهَدَاءُ يَدْخُلُوْنَ الْجَنَّةَ - اَنْتُمْ تَعْبُدُوْنَ رَبَّكُمْ - يَرْضَى اللّٰهُ عَنِ الصَّابِرِيْنَ - يَدْعُو اللّٰهُ عِبَادَهُ اِلَى الْجَنَّةِ - نَمْشِيْ عَلَى الْاَرْضِ هَوْنًا. لَنْ يَرْضَى الْيَهُوْدُ عَنَّا - سَمِعْنَا مُنَادِيًا يُنَادِيْ لِلْاِيْمَانِ - اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩২ পৃষ্ঠায় দেখুন

দ্বাদশ পাঠ

عـوامـل -এর বর্ণনা

প্রশ্ন ঃ عامل কত প্রকার কি কি?

উত্তর ঃ عـامـل দুই প্রকার।

(১) عـامـل لـفـظـى (প্রকাশ্য আমেল)

(২) عـامـل مـعـنـوى (অপ্রকাশ্য আমেল)

প্রশ্ন ঃ عامل لفظي কত প্রকার?

উত্তর ঃ عـامـل لـفـظـى তিন প্রকার। যথা ঃ

(১) حروف (২) افـعـال (৩) اسـمـاء

এ তিন প্রকার আমেল-এর বিবরণ যথাক্রমে তিনটি অধ্যায়ে বর্ণনা করা হবে ইনশাআল্লাহ।

প্রথম অধ্যায়

আমলকারী হরফসমূহের বর্ণনা

[অত্র অধ্যায়ের বিবরণ দুইটি পরিচ্ছেদে দেয়া হয়েছে]

প্রথম পরিচ্ছেদ

ইসম-এর শেষে আমলকারী হরফসমূহের বর্ণনা

حروف عـامـلـه বা আমলকারী হরফ মোট দুই প্রকার।

প্রশ্ন ঃ حروف عاملة কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ حروف عاملة দুই প্রকার।

(১) حـروف عـامـلـه فـى الاسـم (اسـم এর শেষে আমলকারী হরফ)।

(২) حروف عـامـلـه فـى الـفـعـل (ফেল এর শেষে আমলকারী হরফ)

প্রশ্ন ঃ حروف عاملة في الاسم কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ حروف عاملة في الاسم মোট পাঁচ প্রকার।

(১) حروف جار (২) حروف مشبهة بالفعل

(৩) ما ولا المشبهتان بليس (৪) لائے نفي جنس

(৫) حروف نداء

প্রথম প্রকার

حروف الجار (ইসমে জের প্রদানকারী হরফসমূহ)

প্রশ্ন ঃ حروف جار কয়টি ও কি কি?

উত্তর ঃ حروف جار (ইসম -এর শেষে যের প্রদানকারী হরফসমূহ) মোট ১৭টি।

(১) بَاء (২) تَاء (৩) كَافٌ (৪) لَامٌ (৫) وَاو

(৬) مُنْذُ (৭) مُذْ (৮) خَلَا (৯) رُبَّ (১০) حَاشَا

(১১) مِنْ (১২) عَدَا (১৩) فِيْ (১৪) عَنْ (১৫) عَلٰى

(১৬) حَتّٰى (১৭) اِلٰى

প্রশ্ন ঃ حروف جار কি আমল করে?

উত্তর ঃ حروف جار ইসম-এর পূর্বে এসে اسم এর শেষাক্ষরে জের দেয়। যেমন ঃ اَلْمَالُ لِزَيْدٍ (সম্পদ যায়েদের)

অনুশীলনী

১। নীচের বাক্যগুলোতে حروف جار চিহ্নিত কর এবং তার আমল বর্ণনা কর।

وَالْعَصْرِ اِنَّ الْاِنْسَانَ لَفِيْ خُسْرٍ - دَعَوْتُ اَصْدِقَائِيْ خَلَا مَحْمُوْدٍ - رُبَّ عَالِمٍ هَلَكَ بِعِلْمِهٖ - اَنَا اُحِبُّ اللُّغَةَ الْعَرَبِيَّةَ مُنْذُ طُفُوْلَتِيْ - اُجَاهِدُ فِيْ سَبِيْلِ اللّٰهِ حَتّٰى الْقَطْرَةِ الْاَخِيْرَةِ مِنْ دَمِ الصَّدْرِ - سَلِّمْ عَلٰى مُعَلِّمِكَ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩২ পৃষ্ঠায় দেখুন

দ্বিতীয় প্রকার

حروف مشبه بالفعل

(ফেল এর সাথে সাদৃশ্যপূর্ণ হরফসমূহ)

প্রশ্ন ঃ حروف مشبه بالفعل কয়টি ও কি কি?

উত্তর ঃ حروف مشبه بالفعل মোট ছয়টি।

(১) إِنَّ (২) أَنَّ (৩) كَأَنَّ (৪) لَيْتَ (৫) لٰكِنَّ (৬) لَعَلَّ

প্রশ্ন ঃ حروف مشبه بالفعل কার পূর্বে আসে এবং কি আমল করে?

উত্তর ঃ এ সমস্ত হরফ جمله اسميه এর পূর্বে এসে مبتدا কে نصب এবং خبر কে رفع দেয়। যেমনঃ إِنَّ زَيْدًا قَائِمٌ (নিশ্চয় যায়েদ দণ্ডায়মান)। মুবতাদাকে اسم ان (ان এর ইসম) এবং خبر ان কে (ان এর খবর) বলা হয়।

ফায়দা ঃ إِنَّ এবং أَنَّ কে حروف تحقيق এবং كَأَنَّ কে حرف تشبيه - لَيْتَ কে حرف تمنى - لٰكِنَّ কে حرف استدراك এবং لَعَلَّ কে حرف ترجى বলা হয়।

প্রশ্ন ঃ تمنى ও ترجى এর মাঝে পার্থক্য কি?

উত্তর ঃ تمنى এবং ترجى উভয়ের মাঝে পার্থক্য এই যে, تمنى তে অসম্ভব কিছু কামনার কথা বলা যায়।

এ কারণেই لَيْتَ الشَّبَابَ يَعُوْدُ বলা শুদ্ধ হবে। অপরপক্ষে ترجى দ্বারা এমন বিষয় কামনা করা বুঝায় যা সম্ভব, অসম্ভব নয়। এজন্য لَعَلَّ الشَّبَابَ يَعُوْدُ বলা শুদ্ধ হবে না।

অনুশীলনী

১। নীচের বাক্যগুলোতে حروف مشبه بالفعل চিহ্নিত কর এবং তার আমল বর্ণনা কর।

إِنَّ اللّٰهَ غَفُوْرٌ - إِعْلَمْ أَنَّ اللّٰهَ حَلِيْمٌ - كَأَنَّ رَاشِدًا أَسَدٌ - لَعَلَّ الْمَوْتَ قَرِيْبٌ - لَيْتَ أَبَاكَ حَيٌّ - مُحَمَّدٌ غَنِيٌّ لٰكِنَّ أَخَاهُ فَقِيْرٌ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩২ পৃষ্ঠায় দেখুন

তৃতীয় প্রকার

ما و لا المشبهتان بليس

(যে ما ও لا ليس এর মত আমল করে)

প্রশ্ন ঃ ما و لا المشبهتان بليس এর আমল কি এবং এগুলো কার পূর্বে আসে?

উত্তর ঃ এ হরফগুলো جملہ اسمیہ এর পূর্বে এসে لَيْسَ এর মত আমল করে। অর্থাৎ جملہ اسمیہ এর পূর্বে এসে مبتدا কে رفع এবং خبر কে نصب দেয়। যেমনঃ مَا زَيْدٌ قَائِمًا (যায়েদ দন্ডায়মান নয়)। زَيْدٌ কে اسم ما এবং قَائِمًا কে خبرما বলা হয়।

ফায়দা ঃ ما এর ইসম معرفه ও نکره উভয়টি হতে পারে, আর لا এর ইসম সর্বদা نکره হয়। যেমন ঃ لَا رَجُلَ حَاضِرٌ

অনুশীলনী

১। নীচের বাক্যগুলোতে ما ولا المشبهتان بليس এর আমল বর্ণনা কর।

مَا هٰذَا بَشَرًا. لَا وَلَدٌ اِلَّا ذَكِيٌّ . لَا خَالِدٌ حَافِظًا. مَا اَحَدٌ خَيْرًا مِّنْكَ.

لَا صَدِيْقٌ دَائِمًا . مَا زَيْدٌ قَائِمًا . لَا رَجُلٌ كَرِيْمًا .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩২ পৃষ্ঠায় দেখুন

চতুর্থ প্রকার

لائے نفی جنس (নাবোধক لا)

প্রশ্ন ঃ لائے نفی جنس এর আমল কি কি?

উত্তর ঃ لائے نفی جنس এর ইসম

(১) অধিকাংশ সময় মুযাফ এবং منصوب হয় এবং তার خبر - মারফু হয়। যেমনঃ لَا غُلَامَ رَجُلٍ ظَرِيْفٌ فِى الدَّارِ
(ঘরে কোন লোকের বুদ্ধিমান গোলাম নাই)

(২) لائے نفی جنس এর اسم যদি نکرہ مفردہ হয় তখন তা مبنی علی الفتح হয়। যেমনঃ لَا رَجُلَ فِى الدَّارِ (ঘরে কোন লোক নাই)

(৩) لائے نفی جنس এর اسم যদি معرفه হয় তখন আরো একটি لا এবং আরো একটি معرفه আনা ওয়াজিব। এমতাবস্থায় لا টি ملغى হয়ে যায়। অর্থাৎ আমল করে না। এবং معرفه দুটি عامل ابتداء-এর কারণে মারফু হয়।যেমনঃ لَا زَيْدٌ عِنْدِىْ وَلَا عَمْرٌو
(আমার নিকট যায়েদও নাই আমরও নাই।)

(৪) আর যদি এমন হয় যে, لا এর পরে একটি نکرہ مفردہ , তারপর একটি حرف عطف ,তারপর আরো একটি لا এবং আরো একটি نکرہ مفردہ হয়, তাহলে لا এর পরবর্তী ইসিমকে পাঁচ ধরনের اعراب দিয়ে পড়া যায়। যেমন ঃ

(١) لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ (٢) لَا حَوْلَ وَلَا قُوَّةٌ اِلَّا بِاللّٰهِ

(٣) لَا حَوْلَ وَلَا قُوَّةً اِلَّا بِاللّٰهِ (٤) لَا حَوْلٌ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ

(٥) لَا حَوْلُ وَلَا قُوَّةُ اِلَّا بِاللّٰهِ

(আল্লাহর সাহায্য ব্যতীত কোন কিছু করার শক্তি-সামর্থ নাই!)

প্রশ্ন ঃ لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ বাক্যটি পাঁচ ছুরতে কেন পড়া হয়?

উত্তর ঃ(১) উভয় لا কে লায়ে জিনস ধরে اسم দুটিকে فتحه দিয়ে পড়া হয়।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৩ পৃষ্ঠায় দেখুন

(২) উভয় لا কে মুলগা (আমলহীন) ধরে ইসম দু'টিকে মুবতাদা হিসেবে رفع দিয়ে পড়া হয়।

(৩) প্রথম لا টিকে লায়ে নফী জিনস ধরে তার পরবর্তী ইসমটিকে فتحه দিয়ে পড়া হয় এবং দ্বিতীয় لا টিকে মুলগা ধরে তার পরবর্তী ইসমটিকে মুবতাদা হিসেবে رفع দিয়ে পড়া হয়।

(৪) প্রথম لا টিকে মুলগা ধরে পরবর্তী ইসমটিকে মুবতাদা হিসেবে رفع দিয়ে পড়া হয় এবং দ্বিতীয় لا টি লায়ে নফী জিনস ধরে তার পরবর্তী ইসমটিকে فتحه দিয়ে পড়া হয়।

(৫) প্রথম لا টিকে লায়ে নফী জিনস ধরে তার পরবর্তী ইসমটিকে فتحه দিয়ে পড়া এবং দ্বিতীয় لا টিকে زائده (অতিরিক্ত) ধরে তার পরবর্তী ইসমটিকে পূর্ববর্তী ইসমের محل এর উপর আতফ করে মানসুব পড়া হয়।

প্রশ্ন ঃ لائے نفی جنس ও لا المشبه بليس এর মাঝে পার্থক্য কি?

উত্তর ঃ لائے نفی جنس ও لا المشبه بليس এর মাঝে পার্থক এই যে,

(১) لا المشبه بليس তার خبر কে نفی করে, আর لائے نفی جنس তার اسم কে نفي করে।

(২) لا المشبه بليس তার اسم এর একককে نفي করে। যেমন ঃ لَا رَجُلَ فِي الدَّارِ (ঘরে একজন লোক নেই) আর لائے نفی جنس তার اسم এর শ্রেণীকে نفي করে। যেমন ঃ لَا رَجُلَ فِي الدَّارِ (ঘরে কোন লোক নেই।

অনুশীলনী

১। নীচের বাক্যগুলোতে لائے نفی جنس এর আমল বর্ণনা কর।

لَا صَاحِبَ عِلْمٍ خَاسِرٌ - لَا سُرُوْرَ دَائِمٌ - لَا الرَّجُلُ كَرِيْمٌ وَلَا ابْنُهُ - لَا فِي الْبَيْتِ حَيٌّ وَلَا مَيِّتٌ - لَا كِتَابِيْ مَعِيْ وَلَا قَلَمِيْ .

পঞ্চম প্রকার

حروف ندا (আহ্বানসূচক অব্যয়)

প্রশ্ন ঃ حروف ندا কয়টি ও কি কি?

উত্তর ঃ حروف ندا মোট পাঁচটি।

(১) يَا (২) اَيَا (৩) هَيَا (৪) اَىْ (৫) همزه مفتوحه

ফায়দা ঃ জেনে রাখা উচিত যে, اى এবং همزه নিকটবর্তী কাউকে আহবান করার জন্য ব্যবহৃত হয় আর يا নিকটবর্তী ও দূরবর্তী উভয়টির জন্য ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ منادى এর اعراب কি কি হয়?

উত্তর ঃ حروف ندا তিন প্রকার اسم কে نصب দেয়।

(১) منادى مضاف কে যেমনঃ يَا عَبْدَ اللّٰهِ (হে আবদুল্লাহ)

(২) مشابه مضاف কে যেমনঃ يَا طَالِعًا جَبَلاً (হে পবর্তারোহী!)

(৩) نكره غير معين কে যেমনঃ অন্ধ বলে يَا رَجُلاً خُذْ بِيَدِىْ (হে মানুষ আমার হাত ধর)

✪ منادى যদি مفرد معرفه হয় তাহলে তা علامت رفع এর উপর مبنى হবে। যেমনঃ

يَا زَيْدُ - يَا زَيْدَانِ - يَا مُسْلِمُوْنَ - يَا مُوْسٰى - يَا قَاضِىْ

অনুশীলনী

১। নিম্নলিখিত বাক্যগুলিতে منادى এর اعراب চিহ্নিত কর

يَا اَرْحَمَ الرَّاحِمِيْنَ - يَا يَحْيٰى خُذِ الْكِتَابَ - يَا ذَ الْمَالِ اَنْفِقْ - يَا خَيْرًا مِنْ زَيْدٍ - يَا اَيُّهَا الْاُسْتَاذُ - يَا شَارِبَ الْخَمْرِتُبْ اِلَى اللّٰهِ - يَا نَاسِيًا رَبَّهُ اِعْلَمْ اَنَّ الْمَوْتَ مِنْكَ لَقَرِيْبٌ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৬ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ এখানে مفرد দ্বারা কি বুঝানো হয়েছে?

উত্তর ঃ এখানে مفرد দ্বারা مضاف বা مشابه مضاف না হওয়া বুঝানো হয়েছে।

প্রশ্ন ঃ مشابه مضاف কাকে বলে?

উত্তর ঃ مشابه مضاف এমন গুণবাচক اسم। যার সাথে جار এবং مجرور মুতাআল্লেক হয়েছে অথবা যা পরবর্তি ইসমে আমল করেছে।
যেমন ঃ أيْ مُسْرِفاً عَلَى النَّفْسِ لَا تَقْنَطْ مِنْ رَحْمَةِ اللّٰهِ .

দ্বিতীয় পরিচ্ছেদ
ফেলের শেষে আমলকারী হরফের বর্ণনা

প্রশ্ন ঃ فعل مضارع এর শেষে আমলকারী হরফ কত প্রকার ও কি কি?

উত্তর ঃ فعل مضارع এর শেষে আমলকারী হরফ মোট দুই প্রকার।
(১) فعل مضارع এর শেষে نصب প্রদানকারী হরফ।
(২) فعل مضارع এর শেষে جزم প্রদানকারী হরফ।

প্রশ্ন ঃ فعل مضارع কে নছব দানকারী হরফ কয়টি ও কি কি?

উত্তর ঃ যে সকল হরফ فعل مضارع এর শেষে نصب দেয়। এই ধরনের হরফ মোট ৪টি।

(১) اَنْ যেমন ঃ اُرِيْدُ اَنْ تَقُوْمَ (আমি চাই যে, আপনি দাঁড়াবেন।) এই

এই ان শব্দটি فعل مضارع এর পূর্বে যুক্ত হয়ে ফেলে মুযারে -এর শেষাক্ষরে নছব দেয় এবং فعل مضارع কে مصدر এর অর্থে পরিণত করে।

اُرِيْدُ اَنْ تَقُوْمَ এর অর্থ হল اُرِيْدُ قِيَامَكَ (আমি আপনার দাঁড়ানো চাই)। এই কারণে একে ان مصدريه বলা হয়।

(২) لَنْ যেমন ঃ لَنْ يَخْرُجَ زَيْدٌ (যায়েদ কখনও বের হবে না)। لَنْ ফেলে মুযারের অর্থকে نفى تاكيد এর অর্থে পরিণত করে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৭ পৃষ্ঠায় দেখুন

(৩) كَیْ যেমন ঃ اَسْلَمْتُ كَیْ اَدْخُلَ الْجَنَّةَ
(আমি মুসলমান হয়েছি যাতে বেহেস্তে প্রবেশ করতে পারি)

(৪) اِذَنْ কোন কথার প্রতিউত্তরের জন্য ব্যবহৃত হয়। যেমন ঃ কেউ বলল اَنَا اٰتِيْكَ غَدًا (আমি আগামীকাল তোমার কাছে আসব) অপর ব্যক্তি উত্তরে বলল اِذَنْ اُكْرِمَكَ (তাহলে তোমার সম্মান করবো)

প্রশ্ন ঃ কয়টি হরফের পর اَنْ উহ্য থেকে فعل مضارع কে نصب প্রদান করে এবং সে হরফগুলো কি কি?

উত্তর ঃ اَنْ ছয়টি হরফের পর مقدر বা উহ্য থেকে فعل مضارع কে نصب দেয়।

(১) حَتّٰى এর পর। যেমন ঃ مَرَرْتُ حَتّٰى اَدْخُلَ الْبَلَدَ
(আমি ততক্ষণ চললাম যতক্ষণ না শহরে প্রবেশ করলাম)।

(২) لام جحد (যে লাম كَانَ منفى এর পরে আসে) এরপরে। যেমন ঃ مَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ (আল্লাহ তাদেরকে শাস্তি দিবেনই না)।

৩। اَوْ যখন اِلٰى অথবা اِلَّا এর অর্থে ব্যবহৃত হয় তখন اَوْ এরপরে যেমনঃ لَاَلْزِمَنَّكَ اَوْ تُعْطِيَنِىْ حَقِّىْ (আমি তোমার সাথে থাকব, যতক্ষণ না তুমি আমার হক আদায় করে দিবে)

(৪) لام كى এরপর। যেমন ঃ اَسْلَمْتُ لِاَدْخُلَ الْجَنَّةَ
(আমি ইসলাম গ্রহণ করেছি যাতে বেহেশতে প্রবেশ করতে পারি)

(৫) واو الصرف এরপর। যেমনঃ لَاتَاْكُلِ السَّمَكَ وَتَشْرَبَ اللَّبَنَ
(দুধ পান করার সঙ্গে মাছ খেয়ো না)।

(৬) ঐ فاء এরপর যে فا ছয়টি জিনিসের জবাবে ব্যবহৃত হয়।

সেগুলো নিম্নরূপ

(১) امر যেমন ঃ زُرْنِىْ فَاُكْرِمَكَ
(তুমি আমার সাথে সাক্ষাত কর তাহলে আমি তোমাকে সম্মান করব)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৭ ও ১৩৮ পৃষ্ঠায় দেখুন

(২) نهى যেমন ঃ لَاتَأْكُلِ السَّمَكَ فَتَشْرَبَ اللَّبَنَ
(দুধ পান করার সঙ্গে মাছ খেয়ো না)।

(৩) استفهام যেমন ঃ هَلْ عِنْدَكَ مَاءٌ فَاَشْرَبَهُ
(তোমার নিকট পানি আছে কি যে আমি তা পান করব ?)

(৪) نفى যেমন ঃ مَاتَأْتِيْنَا فَتُحَدِّثَنَا (তুমি তো আমাদের নিকট আসই না যে আমাদের সাথে কথাবার্তা বলবে)

(৫) تمنى যেমন ঃ لَيْتَ لِىْ مَالاً فَاُنْفِقَهُ
(হায়! যদি আমার নিকট মাল থাকত, তবে আমি তা খরচ করতাম)

(৬) عرض যেমন ঃ اَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا
(তুমি আমাদের নিকট আসনা কেন? (আসলে) তোমার কল্যাণ হত)

অনুশীলনী

১। নীচের বাক্যগুলোতে فعل مضارع কে نصب দানকারী হরফ চিহ্নিত কর এবং তার আমল বর্ণনা কর।

اُرِيْدُ اَنْ اُجَاهِدَ فِيْ سَبِيْلِ اللّٰهِ - لَنْ نَدْعُوَ اِلٰهًا مِنْ دُوْنِ اللّٰهِ - نُجَاهِدُ فِيْ سَبِيْلِ اللّٰهِ كَىْ نَشْتَرِىَ مِنَ اللّٰهِ الْجَنَّةَ - اِذَنْ اُكْرِمَكَ (فِيْ جَوَابِ مَنْ قَالَ سَأَزُوْرُكَ) - مَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ - جَلَسْتُ لِاَسْتَرِيْحَ - مَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا اَنْ هَدَانَا اللّٰهُ - اَلْعِلْمُ لَا يُعْطِيْكَ بَعْضَهُ اَوْ تُعْطِيَ كُلَّكَ. لَا تَدْخُلُوْا حَتّٰى آذَنَ لَكُمْ - لَمْ اَكْذِبْ فَاُعَاقَبَ - كُنْ مُتَوَاضِعًا فَتُحَبَّ - هَلْ سَئَلْتُكَ فَتُجِيْبَ - لَيْتَنِيْ صَنَعْتُ الْمَعْرُوْفَ فَاَنَالَ الشُّكْرَ - لَا تَأْمُرْ بِالصِّدْقِ وَتَكْذِبَ - كُنْ قَاضِيًا مُتَعَادِلاً -

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৮ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ لام كى ও لام جحد এর মাঝে পার্থক্য কি?

উত্তর ঃ (১) لام جحد সর্বদা كان منفي এর পরে আসে।

(২) لام جحد এর পর ان আবশ্যিকভাবে উহ্য থাকে আর لام كى এর পর ঐচ্ছিক ভাবে উহ্য থাকে।

(৩) لام جحد বাক্য থেকে হযফ হলে অর্থে কোন পরিবর্তন ঘটবে না। আর لام كي বাক্য থেকে হযফ হলে অর্থের পরিবর্তন ঘটবে।

ফেলে মুযারে' -এর শেষাক্ষরে জযম প্রদানকারী হরফসমূহ

প্রশ্ন ঃ فعل مضارع এর শেষে জযমপ্রদানকারী হরফ কয়টি ও কি কি?

উত্তর ঃ এরূপ হরফ মোট পাঁচটি।

(১) لَمْ যেমন ঃ لَمْ يَنْصُرْ (সে সাহায্য করেনি)

(২) لَمَّا যেমন ঃ لَمَّا يَنْصُرْ (সে কখনও সাহায্য করেনি)

(৩) لام امر যেমন ঃ لِيَنْصُرْ (সে সাহায্য করুক)

(৪) لائے نہی যেমন ঃ لَا تَنْصُرْ (তুমি সাহায্য করবে না)।

(৫) ان شرطيه যেমন ঃ اِنْ تَنْصُرْ اَنْصُرْ (তুমি যদি সাহায্য কর আমিও সাহায্য করব)।

✪ জেনে রাখা উচিত যে, اِنْ দুইটি جمله এর উপরে দাখেল হয়। প্রথম জুমলাটিকে শর্ত এবং দ্বিতীয়টিকে 'জাযা' বলে। اِنْ হরফটি مستقبل এর অর্থ প্রকাশ করে, যদিও তা فعل ماضى এর পূর্বে আসে। যেমন ঃ اِنْ ضَرَبْتَ ضَرَبْتُ (তুমি যদি মার আমিও মারব) এখানে জযম তাকদীরী হয়, কেননা ফেলে মাযী মুরাব নয়।

প্রশ্ন ঃ اِنْ কয়টি جمله এর মাঝে প্রবেশ করে? সে جمله গুলো কি কি?

উত্তর ঃ اِنْ দুই جمله এর উপর প্রবেশ করে (১) প্রথম جمله কে শর্ত দ্বিতীয় جمله কে জাযা বলে। (২) اِنْ হরফটি مستقبل এর অর্থ প্রকাশ করে। যদিও তা فعل ماضي এর পূর্বে আসে। যেমন ঃ اِنْ ضَرَبْتَ ضَرَبْتُ

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৮ ও ১৩৯ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ কখন جزاء এর পূর্বে فاء আনা ওয়াজিব?

উত্তর ঃ (১) 'শর্ত' এর 'জাযা' যদি جملہ اسمیہ বা (২) امر বা (৩) نہی অথবা (৪) 'দুয়া'সূচক বাক্য হয় তাহলে جزاء এর পূর্বে একটি فاء আনা ওয়াজিব। যেমন ঃ

✪ جملہ اسمیہ যেমন ঃ اِنْ تَأْتِنِىْ فَاَنْتَ مُكْرَمٌ
(তুমি যদি আমার নিকট আসো, তবে অবশ্যই তোমাকে সম্মান করা হবে)

✪ امر যেমন ঃ اِنْ رَأَيْتَ زَيْدًا فَاَكْرِمْهُ
(যদি তুমি যায়েদকে দেখ, তবে তাকে সম্মান কর)।

✪ نہی যেমন ঃ اِنْ اَتَاكَ عَمْرٌو فَلَاتُهِنْهُ
(যদি তোমার নিকট আমর আসে তবে তাকে অসম্মান করবে না)।

✪ دعاء যেমন ঃ اِنْ اَكْرَمْتَنِىْ فَجَزَاكَ اللّٰهُ خَيْرًا (যদি তুমি আমাকে সম্মান কর, তবে আল্লাহ তোমাকে উত্তম পুরস্কার দেবেন)।

অনুশীলনী

১। নীচের বাক্যগুলোতে فعل مضارع কে جزم দানকারী হরফ চিহ্নিত কর এবং তার আমল বর্ণনা কর।

لَمْ يَتَهَذَّبِ الْغُلَامُ - كَبُرَ الْغُلَامُ وَلَمَّا يَتَهَذَّبْ - لِيُنْفِقْ ذُوْ سَعَةٍ مِّنْ سَعَتِهٖ - لَا تُشْرِكْ بِاللّٰهِ - اِنْ تَجْتَهِدْ تَنْجَحْ - قَالَتِ الْاَعْرَابُ اٰمَنَّا قُلْ لَمْ تُؤْمِنُوْا وَلٰكِنْ قُوْلُوْا اَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْاِيْمَانُ فِيْ قُلُوْبِكُمْ - اِنْ تَنْصُرِ اللّٰهَ يَنْصُرْكُمْ - وَلَا يَغْتَبْ بَعْضُكُمْ بَعْضًا -

২। নীচের বাক্যসমূহে শর্তের জওয়াবের শুরুতে فاء যোগ করার কারণ বর্ণনা কর।

اِنْ صَدَقْتَ فَاَنْتَ مُؤْمِنٌ - وَاِنْ كَذَبْتَ فَاَنْتَ مُنَافِقٌ - اِنْ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ فَهُمْ شُهَدَاءُ - اِنْ يَنْصُرْكَ رَاشِدٌ فَانْصُرْهُ - اِنْ اَهَانَكَ صَدِيْقُكَ فَلَا تُهِنْهُ - اِنْ اَحْسَنْتَ اِلَىَّ فَجَزَاكَ اللّٰهُ خَيْرًا .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৯ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ لَمْ ও لَمَّا এর মাঝে পার্থক্য কি?

উত্তর ঃ لَمْ ও لَمَّا এর মাঝে পার্থক্য এই যে,

(১) لَمَّا বর্তমান কাল পর্যন্ত সমস্ত অতীতকে نفي করে যেমন ঃ لَمَّا يَضْرِبْ (সে কখনো মারে নাই। কিন্তু لَمْ এমন নয়।

(২) لَمَّا এর শুরুতে হরফে শর্ত اِنْ আসে না। কিন্তু لَمْ এর শুরুতে আসে।

(৩) لَمَّا এর فعل কে হযফ করা যায়, কিন্তু لم এর فعل করা যায় না।

দ্বিতীয় অধ্যায়
আমলকারী ফে'লসমূহের বর্ণনা

প্রশ্ন ঃ আমল এর দিক থেকে فعل কত প্রকার ও কি কি?

উত্তর ঃ আমল এর দিক থেকে فعل দুই প্রকার। যথাঃ

(১) معروف (কর্তৃবাচ্য) (২) مجهول (কর্মবাচ্য)

প্রশ্ন ঃ فعل لازم ও فعل متعدي কাকে বলে?

উত্তর ঃ যে فعل শুধু ফায়েল দ্বারা সম্পন্ন হয় তাকে فعل لازم বলে। যে فعل শুধু ফায়েল দ্বারা সম্পন্ন হয় না বরং মাফউল-এরও প্রয়োজন হয় তাকে فعل متعدى বলে।

প্রশ্ন ঃ فعل معروف কি আমল করে?

উত্তর ঃ فعل معروف চাই لازم হোক বা متعدى হোক, فاعل কে رفع দেয়। যেমনঃ قَامَ زَيْدٌ (যায়েদ দাঁড়িয়েছে) এবং ضَرَبَ زَيْدٌ عَمْرًوا (যায়েদ আমরকে মেরেছে)

আর ছয় প্রকার ইসমকে نصب দেয়।

(১) مفعول مطلق কে যেমন ঃ قَامَ زَيْدٌ قِيَامًا
(যায়েদ ঠিকমতই দাঁড়িয়েছে)

(২) مفعول فيه কে যেমনঃ صُمْتُ يَوْمَ الْجُمُعَةِ
(আমি শুক্রবার রোজা রেখেছি)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৩৯ ও ১৪০ পৃষ্ঠায় দেখুন

৩। مفعول معه কে যেমন ঃ جَاءَ الْبَرْدُ وَ الْجُبَّاتِ
(জুব্বাসহ শীত এসেছে)

৪। مفعول له কে যেমন ঃ قُمْتُ اِكْرَامًا لِزَيْدٍ
(আমি যায়েদের সম্মানার্থে দাঁড়িয়েছি)
ضَرَبْتُهُ تَادِيْبًا (আমি তাকে আদব শিক্ষা দানের জন্য মেরেছি)

৫। حال কে যেমনঃ جَاءَ زَيْدٌ رَاكِبًا (যায়েদ সওয়ার হয়ে এসেছে)

৬। تميز কে যেমনঃ طَابَ زَيْدٌ نَفْسًا (যায়েদ মনে মনে খুশি হয়েছে)

ফায়দা ঃ فعل যদি متعدى হয়, তাহলে مفعول به কেও نصب দেয়। যেমনঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا (যায়েদ আমরকে মেরেছে)

অনুশীলনী

১। **فعل لازم** ও **فعل متعدى** চিহ্নিত কর।

نَامَ الْوَلَدُ - مَاتَ الرَّجُلُ - طَلَعَ الْبَدْرُ عَلَيْنَا - تُحْرِقُ النَّارُ الْمَنَازِلَ - أَكَلَ الْوَلَدُ طَعَامًا - اَطْعَمَ الْغَنِيُّ الْفَقِيْرَ - هٰؤُلَاءِ عَصَوْا رَبَّهُمْ وَاَطَاعُوا الشَّيْطَانَ فَضَلُّوْا وَاَضَلُّوْا وَهَلَكُوْا وَاَهْلَكُوْا

প্রথম পরিচ্ছেদ
ফায়েল ও মফউলের বর্ণনা

প্রশ্ন ঃ فاعل কাকে বলে?

উত্তর ঃ فاعل (কর্তা) এমন ইসমকে বলে,যার পূর্বে একটি فعل বা شبه فعل হয়। এই فعل বা شبه فعل এবং এই ইসম-এর মধ্যে একটি সম্পর্ক থাকে। এমন সম্পর্ক যে, ঐ ফে'ল বা শিবহে ফে'ল ঐ ইসম দ্বারা সংঘটিত হয়েছে (অথবা ইসম -এর সাথে অস্তিত্ব লাভ করেছে)। এমন সম্পর্ক নয় যে, ঐ ফে'ল বা শিবহে ফে'ল ঐ ইসম-এর উপর পতিত হয়েছে। যেমনঃ ضَرَبَ زَيْدٌ (যায়েদ মেরেছে) এর মধ্যে زَيْدٌ শব্দটি এবং مَاتَ بِلَالٌ এর মধ্যে بِلَالٌ শব্দটি।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪০ পৃষ্ঠায় দেখুন

প্রশ্ন ঃ فاعل সাধারণত কত প্রকার ও কি কি?

উত্তর ঃ فاعل সাধারণত তিন প্রকার ঃ

১) فاعل - اسم ظاهر হয়। যেমন ঃ نَصَرَ رَاشِدٌ

২) فاعل - ضمير بارز হয়। যেমন ঃ نَصَرُوْا

৩) فاعل - ضمير مستتر হয়। যেমন ঃ رَاشِدٌ ضَرَبَ

প্রশ্ন ঃ مفعول مطلق কাকে বলে?

উত্তর ঃ مفعول مطلق (সাধারণ কর্মকারক) এমন মাছদারকে বলে, যা একটি فعل এর পরে উল্লেখ হয় এবং উল্লেখিত فعل এর সমঅর্থবোধক হয়। যেমনঃ ضَرَبْتُ ضَرْبًا (আমি শক্ত মার মেরেছি) বাক্যে ضَرْبًا শব্দটি এবং قُمْتُ قِيَامًا (আমি ভালভাবে দাড়িয়েছি) বাক্যে قِيَامًا শব্দটি।

প্রশ্ন ঃ مفعول فيه কাকে বলে?

উত্তর ঃ مفعول فيه (কালবাচক কর্ম) এমন ইসমকে বলে যা তার পূর্বে উল্লেখিত ফে'ল সংঘটিত হওয়ার স্থান বা কাল বুঝায়। মাফউলে ফিহিকে যরফও বলা হয়।

প্রশ্ন ঃ مفعول فيه কত প্রকার ও কি কি?

উত্তর ঃ مفعول فيه দুই প্রকার

(১) ظرف زمان (সময়সূচক আধার) যেমন ঃ صُمْتُ يَوْمَ الْجُمُعَةِ (আমি শুক্রবার রোজা রেখিছে) বাক্যে يَوْمَ শব্দটি যরফে যামান।

(২) ظرف مكان (স্থানসূচক আধার) যেমন ঃ جَلَسْتُ عِنْدَكَ (আমি তোমার নিকট বসেছি) বাক্যে عِنْدَ শব্দটি যরফে মাকান ।

প্রশ্ন ঃ مفعول معه কাকে বলে?

উত্তর ঃ مفعول معه (সঙ্গবোধক কর্মপদ) এমন ইসমকে বলে, যা واؤ بمعنى مع (সাথে' অর্থবোধক) এর পরে উল্লেখ হয়। যেমন ঃ جَاءَ الْبَرْدُ وَالْجُبَّاتِ (জুব্বাসহ শীত এসেছে) (বাক্যে اَلْجُبَّاتِ শব্দটি)

প্রশ্ন ঃ مفعول له কাকে বলে?

উত্তর ঃ مفعول له (কারণবাচক কর্মপদ) এমন اسم কে বলে, যা তার পূর্বে উল্লেখিত فعل সংঘটিত হওয়ার কারণ বুঝায়।

যেমনঃ قمت اكراما لزيد (বাক্যে اكراما শব্দটি)।

প্রশ্ন ঃ حال কাকে বলে?

উত্তর ঃ حال (অবস্থাবোধক বিশেষণ) এমন এসমে নাকারাহকে বলে, যা

✪ فاعل এর অবস্থা বুঝায়। যেমন ঃ جاء نى زيدا راكبا (যায়েদ আমার কাছে আরোহন অবস্থায় আসল) বাক্যে راكبا, শব্দটি।

✪ অথবা مفعول এর অবস্থা বুঝায়। যেমনঃ ضربت زيدا مشدودا (আমি যায়েদকে বাধা অবস্থা মেরেছি) বাক্যে مشدودا শব্দটি।

✪ অথবা فاعل ও مفعول উভয়ের অবস্থা বুঝায়। যেমন ঃ لقيت زيدا راكبين (আমি যায়েদের সাথে সাক্ষাত করেছি তখন আমরা উভয়ই আরোহন অবস্থায় ছিলাম) বাক্যে راكبين, শব্দটি।

فاعل এবং مفعول (অর্থাৎ যার অবস্থা বর্ণনা করা হয়) তাকে ذو الحال বলে। ذو الحال অধিকাংশ সময় معرفه হয়। যদি কখনো نكره হয়, তাহলে حال কে ذوا الحال এর পূর্বে উল্লেখ করতে হবে। যেমন ঃ جاءنى راكبا رجل

ফায়দা ঃ حال জুমলা বা বাক্যেও হতে পারে। যেমন ঃ رأيت الامير وهو راكب (আমি আমীরকে আরোহীরূপে দেখেছি)।

প্রশ্ন ঃ تميز কাকে বলে?

উত্তর ঃ تميز (পার্থক্য ও সন্দেহ দূরকারক বিশেষ্য) এমন ইসমকে বলে যা পূর্ববর্তী শব্দে বা বাক্যে বর্ণিত

(ক) عدد (সংখ্যা) হতে সন্দেহ দূর করে। যেমনঃ عندى احد عشر درهما (আমার কাছে এগারটি দিরহাম আছে) অথবা

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪১ পৃষ্ঠায় দেখুন

(খ) وزن (ওজন) হতে সন্দেহ দূর করে। যেমনঃ عِنْدِيْ رَطْلٌ زَيْتًا (আমার কাছে এক রিতল তৈল আছে) অথবা

(গ) كيل (পাত্রের মাপ) হতে সন্দেহ দূর করে। যেমন ঃ عِنْدِيْ قَفِيْزَانِ بُرًّا (আমার কাছে দুই কফীয পরিমাণ গম আছে)

প্রশ্ন ঃ مفعول به কাকে বলে?

উত্তর ঃ مفعول به (কর্মকারক) এমন এসমকে বলে, যার উপর فاعل এর فعل (কাজ) পতিত হয়। যেমনঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًا (যায়েদ আমরকে মেরেছে)

ফায়দা ঃ জেনে রাখা উচিত যে, উপরোল্লিখিত مفعول গুলো বাক্য পূর্ণ হওয়ার পর ব্যবহৃত হয়ে থাকে। কেননা, বাক্য ফে'ল (মুসনাদ) এবং ফায়েল (মুসনাদ ইলাইহি) দ্বারাই পূর্ণ হয়ে যায়। তাই বলা হয়ে থাকে اَلْمَنْصُوْبُ فُضْلَةٌ (মানসূব অতিরিক্ত)।

অনুশীলনী

১। নীচের উদাহরণসমূহে فاعل নির্ণয় কর এবং কোন প্রকারের مفعول হয়েছে বল।

لَا يَظْلِمُ اللّٰهُ عِبَادَهٗ - سَافَرَ الرَّجُلُ الْبَلَدَ - اَكْرِمِ الضَّيْفَ اِكْرَامًا - نِمْتُ نَوْمًا عَمِيْقًا - نَصَرَ اللّٰهُ رَسُوْلَهٗ - اِقْرَأْ هٰذَا الْكِتَابَ - اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ - رَبِّ اِنِّيْ دَعَوْتُ قَوْمِيْ لَيْلًا وَّنَهَارًا - سَأَمْكُثُ سَاعَتَيْنِ - وَصَلْتُ اِلَى الْبَيْتِ مَسَاءً - مَاتَ الْفَقِيْرُ جُوْعًا. بَكَى الْوَلَدُ خَوْفًا - سَافِرْ طَلَبًا لِلْعِلْمِ - حَضَرَ خَالِدٌ وَغُرُوْبَ الشَّمْسِ - جِئْتُ وَزَيْدًا - جَاءَ رَاشِدٌ رَاكِبًا - شَرِبْتُ اللَّبَنَ بَارِدًا - اِنِّيْ رَأَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا - اَنَا اَكْبَرُ مِنْكَ سِنًّا -

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪১ ও ১৪২ পৃষ্ঠায় দেখুন

দ্বিতীয় পরিচ্ছেদ

فاعل -এর প্রকারভেদ

প্রশ্ন ঃ فاعل কত প্রকার ও কি কি?

উত্তর ঃ فاعل দুই প্রকার। যথা ঃ

(১) مظهر (প্রকাশ্য ফায়েল) যেমন ঃ ضَرَبَ زَيْدٌ

(২) مضمر (সর্বনাম বা অপ্রকাশ্য ফায়েল) (مضمر কে ضمير বলে)

ضمير দুই প্রকার।

(ক) بارز (প্রকাশ্য সর্বনাম) যেমন ঃ ضَرَبْتَ

(খ) مستتر (গোপন সর্বনাম) যেমন– زَيْدٌ ضَرَبَ এখানে ضَرَبَ এর ফায়েল هُوَ - ضَرَبَ এর মধ্যে লুকায়িত আছে।

প্রশ্ন ঃ কখন فعل কে مؤنث ব্যবহার করা ওয়াজিব?

উত্তর ঃ দুই জায়গায় ফে'লকে مؤنث হিসেবে ব্যবহার করা ওয়াজিব।

(১) ফে'ল এর فاعل যদি مؤنث حقيقى হয়, যেমন ঃ قَامَتْ هِنْدٌ (হিন্দা দাঁড়িয়েছে)

(২) ফে' ল এর فاعل যদি مؤنث এর ضمير হয় (চাই যমীরটি মুয়ান্নাসে হাকীকির হোক কিংবা মুয়ান্নাসে গায়রে হাকীকির হোক) যেমন ঃ هِنْدٌ قَامَتْ (হিন্দা দাঁড়িয়েছে)।

প্রশ্ন ঃ কখন فعل কে مذكر বা مؤنث উভয়ভাবে ব্যবহার করার অবকাশ আছে।

উত্তর ঃ নিম্নে বর্ণিত দুই জায়গায় فعل এর মধ্যে علامت تانيث উল্লেখ করা এবং উল্লেখ না করা উভয়টিই জায়েয।

(১) ফে'ল এর فاعل যদি مظهر مؤنث غير حقيقى হয়। যেমন ঃ طَلَعَتِ الشَّمْسُ - طَلَعَ الشَّمْسُ (সূর্য উদিত হয়েছে)

(২) ফে'ল এর فاعل যদি مظهر جمع تكسير হয়। যেমন ঃ قَالَتِ الرِّجَالُ- قَالَ الرِّجَالُ (লোকেরা বলেছে)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ পৃষ্ঠায় দেখুন

ফায়দা ঃ ফায়েল যদি প্রকাশ্যে থাকে তাহলে সর্বাবস্থায় ফে'ল مفرد হবে। যেমন ঃ سَافَرَ الرِّجَالُ - تَلْعَبُ الْبَنَاتُ

প্রশ্ন ঃ **فعل مجهول** কি আমল করে?

উত্তর ঃ **فعل مجهول** তার ফায়েল এর পরিবর্তে مفعول به কে رفع দেয় এবং বাকী ছয় প্রকার ইসমকে نصب দেয়। যেমন ঃ

ضُرِبَ زَيْدٌ يَوْمَ الْجُمُعَةِ ضَرْبًا شَدِيْدًا اَمَامَ الْاَمِيْرِ فِىْ دَارِهٖ تَادِيْبًا وَالْخَشَبَةَ -

(যায়েদকে শুক্রবার দিন তার বাড়িতে আমীরের সামনে আদব শিক্ষাদানের জন্য লাঠি দ্বারা শক্ত মার দেয়া হয়েছে)।

প্রশ্ন ঃ **فعل مجهول** ও তার **مرفوع** কে কি বলে?

উত্তর ঃ ফেলে মাজহুলকে فعل مالم يسم فاعله এবং তার مرفوع কে مفعول مالم يسم فاعله (বা نائب فاعل) বলে।

অনুশীলনী

১। নীচের فعل গুলোকে مذكر ও مؤنث আনার কারণ বর্ণনা কর।

سَافَرَ الرَّجُلُ - اَلرَّجُلُ سَافَرَ - اَلْبِنْتُ تَلْعَبُ - طَبَخَتِ الْاُمُّ - سَافَرَتْ فَاطِمَةُ - فَاطِمَةُ سَافَرَتْ - اَلشَّمْسُ غَرَبَتْ - اَلْحَرْبُ تَنْتَهِىْ - تَرْعَى الْبَقَرَةُ - اَكْرَمَتِ الْاُمُّ - ذُبِحَتِ الْبَقَرَةُ - اُشْعِلَتِ النَّارُ - قُطِعَ الْاَشْجَارُ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ পৃষ্ঠায় দেখুন

তৃতীয় পরিচ্ছেদ

فعل متعدى এর প্রকারভেদ

প্রশ্ন ঃ فعل متعدي কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ فعل متعدى চার প্রকার।

(১) متعدى بيك مفعول (এমন ফেলে মুতাআদ্দী যার একটি মাত্র মাফউলের প্রয়োজন হয়) যেমন ঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا

(২) متعدى بدو مفعول (এমন ফেলে মুতাআদ্দী যার দুইটি মাফউলের প্রয়োজন হয়। তবে একটি মাফউলকে উল্লেখ করলেও চলে) যেমন ঃ اَعْطَيْتُ زَيْدًا دِرْهَمًا (আমি যায়েদকে একটি দিরহাম দিয়েছি) এখানে اَعْطَيْتُ زَيْدًا (আমি যায়েদকে দিয়েছি) অথবা اعطيت درهما। (আমি দিরহাম দিয়েছি) বলাও জায়েয।

(৩) متعدى بدو مفعول (এমন ফেলে মুতাআদ্দী যার দুইটি মাফউলের প্রয়োজন হয়)। শুধুমাত্র একটি মাফউল উল্লেখ করা জায়েয নেই। (বরং উভয় মাফউলকে উল্লেখ করতে হয়) এবং এটা افعال قلوب। এর মধ্যে হয়। افعال قلوب। মোট সাতটি।

(১) عَلِمْتُ (আমি জেনেছি) (২) ظَنَنْتُ (আমি ধারনা করেছি)
(৩) حَسِبْتُ (আমি ধারনা করেছি) (৪) خِلْتُ (আমি খেয়াল করেছি)
(৫) زَعَمْتُ (আমি বিশ্বাস করেছি) (৬) رَأَيْتُ (আমি দেখেছি)
(৭) وَجَدْتُ (আমি উপলব্ধি করেছি/ পেয়েছি)

যেমন ঃ عَلِمْتُ زَيْدًا فَاضِلًا (আমি যায়েদকে একজন পণ্ডিত জেনেছি) ظَنَنْتُ زَيْدًا عَالِمًا (আমি যায়েদকে বিদ্বান ধারণা করেছি)

ফায়দা ঃ উল্লেখিত ফে'লগুলোকে افعال قلوب। এজন্য বলা হয় যে, এগুলি ধারনা, সন্দেহ বা এক্বীনের অর্থ দান করে যার সম্পর্ক হচ্ছে قلب বা অন্তরের সাথে। প্রথম তিনটি يقين এর ক্ষেত্রে, দ্বিতীয় তিনটি شك এর ক্ষেত্রে এবং সপ্তমটি يقين ও شك উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ পৃষ্ঠায় দেখুন

(৪) متعدى بسه مفعول অর্থাৎ এমন ফে'লে মুতাআদ্দী যার তিনটি মাফউল প্রয়োজন হয়। যেমন ঃ

(১) اَعْلَمَ (সে অবহিত করেছে) (২) اَرٰى (সে দেখিয়েছে)
(৩) اَنْبَأَ (সে সংবাদ দিয়েছে) (৪) اَخْبَرَ (সে সংবাদ দিয়েছে)
(৫) خَبَّرَ (সে খবর দিয়েছে) (৬) نَبَّأَ (সে খবর দিয়েছে)
(৭) حَدَّثَ (সে বর্ণনা করেছে)

যেমন ঃ اَعْلَمَ اللّٰهُ زَيْدًا عَمْرًا فَاضِلًا (আল্লাহ যায়েদকে জানিয়ে দিয়েছেন যে, আমর একজন পণ্ডিত ব্যক্তি)

ফায়দা ঃ প্রথম দুটি অবহিত করার জন্য, দ্বিতীয় চারটি সংবাদ দেয়ার জন্য এবং সপ্তমটি বিবৃতি বা বর্ণনা দেয়ার জন্য ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ কোন কোন مفعول কে فاعل এর স্থানে রাখা জায়েয আর কোন مفعول কে فاعل এর স্থানে রাখা জায়েয নেই।

উত্তর ঃ بَاب عَلِمْتُ এর দ্বিতীয় মাফউল এবং بَاب اَعْلَمْتُ এর তৃতীয় মাফউল, مفعول له এবং مفعول معهকে কখনো فاعل এর স্থানে রাখা (নায়েবে ফায়েল হিসাবে ব্যবহার করা) জায়েয নেই। বাকী মাফউলগুলোকে নায়েবে ফায়েল বানানো জায়েয আছে।
তবে بَاب اَعْطَيْتُ এর দ্বিতীয় মাউফল এর চেয়ে প্রথম মাফউল কে نائب فاعل বানানো উত্তম।

অনুশীলনী

১। فعل متعدى কাকে বলে? তা কত প্রকার ও কি কি?

২। নিম্নলিখিত বাক্যগুলিতে কোন প্রকারে فعل متعدى ব্যবহৃত হয়েছে?

رَأَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ اَفْوَاجًا - اِتَّخَذَ اللّٰهُ اِبْرَاهِيْمَ خَلِيْلًا - لَاتَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتًا - ظَنَّ زَيْدٌ بَكْرًا عَالِمًا - وَوَجَدُوْا مَا عَمِلُوْا حَاضِرًا - اِنِّىْ رَأَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا.

চতুর্থ পরিচ্ছেদ
افعال ناقصه (অসম্পূর্ণ ক্রিয়া)

প্রশ্ন ঃ افعال ناقصة কয়টি ও কি কি?

উত্তর ঃ افعال ناقصة মোট ১৭টি।

(১) كَانَ (ছিল) (২) صَارَ (হল) (৩) ظَلَّ (দিনের বেলা হল)
(৪) بَاتَ (রাতের বেলা হল) (৫) اَصْبَحَ (সকাল বেলা হল)
(৬) اَضْحٰى (চাশতের সময় হল) (৭) اَمْسٰى (সন্ধা বেলা হল)
(৮) عَادَ (হল) (৯) اٰضَ (হল) (১০) غَدَا (হল) (১১) رَاحَ (হল)
(১২) مَازَالَ (সর্বদা থাকল) (১৩) مَا انْفَكَّ (সর্বদা থাকল)
(১৪) مَا بَرِحَ (সর্বদা থাকল) (১৫) مَا فَتِئَ (সর্বদা থাকল)
(১৬) مَادَامَ (যতক্ষণ) (১৭) لَيْسَ (নয়)

প্রশ্ন ঃ افعال ناقصة কে افعال ناقصة কেন বলা হয়?

উত্তর ঃ افعال ناقصه – শুধু فاعل দ্বারা সম্পন্ন হতে পারে না, বরং خبر এরও প্রয়োজন হয়। এ কারণেই এগুলোকে افعال ناقصه বলে।

প্রশ্ন ঃ افعال ناقصة কি আমল করে?

উত্তর ঃ افعال ناقصه জুমলায়ে ইসমিয়্যাহ এর পূর্বে এসে مبتدا কে رفع এবং خبر কে نصب দেয়। যেমন ঃ كَانَ زَيْدٌ قَائِمًا (যায়েদ দাঁড়ানো ছিল) كان এর مرفوع কে اسم كان এবং منصوب কে خبر كان বলা হয়।

প্রশ্ন ঃ افعال ناقصة কি কখনো تام হয়?

উত্তর ঃ افعال ناقصه অবস্থা বিশেষে তার নিজ فاعل দ্বারা সম্পূর্ণ হয়ে যায়। যেমন ঃ كَانَ مَطَرٌ (বৃষ্টি হল) এখানে كَانَ শব্দটি حَصَلَ এর অর্থে ব্যবহৃত হয়েছে। একে كَانَ تامه বলে।

প্রশ্ন ঃ كان زائدة (অতিরিক্ত كان) কাকে বলে?

উত্তর ঃ যে كَانَ বাক্যের মধ্যে অতিরিক্ত থাকে তাকে كان زائدة বলে।
(অতিরিক্ত হওয়ার অর্থ হল, كَانَ কে বাদ দিলেও বাক্যের অর্থ পরিবর্তন হয় না)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ পৃষ্ঠায় দেখুন

পঞ্চম পরিচ্ছেদ

افعال مقاربه (নৈকট্যবোধক ক্রিয়া)

প্রশ্ন ঃ افعال مقاربة কাকে বলে?

উত্তর ঃ যে সকল فعل নিকটবর্তী সময়ে কোন কাজ সংঘটিত হওয়ার অর্থ বুঝায় এগুলোকে افعال مقاربه বলে।

প্রশ্ন ঃ افعال مقاربة কয়টি ও কি কি?

উত্তর ঃ افعال مقاربه মোট চারটি।

(১) عَسٰى (২) كَادَ (৩) كَرُبَ (8) اَوْشَكَ

যেমন ঃ

(١) عَسٰى رَبُّكُمْ اَنْ يَّرْحَمَكُمْ (٢) كَادَتِ السَّفِيْنَةُ اَنْ تَغْرِقَ

(٣) كَرُبَ الشِّتَاءُ اَنْ يَّنْقَضِيَ (٤) اَوْشَكَ الْمَاءُ اَنْ يَنْفَدَ

প্রশ্ন ঃ افعال مقاربة কি আমল করে?

উত্তর ঃ এ ফেলগুলি افعال ناقصه এর মত জুমলায়ে ইসমিয়্যাহ এর পূর্বে এসে مبتدا কে رفع এবং خبر কে نصب দেয়। তবে এর خبر অধিকাংশ সময় فعل مضارع بان হয়।

যেমন ঃ عَسٰى زَيْدٌ اَنْ يَّخْرُجَ (অচিরেই যায়েদ বের হবে)

অথবা فعل مضارع بلا ان হয়। যেমন ঃ عَسٰى زَيْدٌ يَخْرُجُ (সম্ভবতঃ যায়েদ বের হবে)

প্রশ্ন ঃ افعال مقاربة এর কখন خبر এর প্রয়োজন হয় না।

উত্তর ঃ কখনো فعل مضارع بلا ان - عسى এর فاعل হয়ে যায়। তখন তার خبر এর প্রয়োজন হয় না। যেমন ঃ عَسٰى اَنْ يَّخْرُجَ زَيْدٌ

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ ও ১৪৩ পৃষ্ঠায় দেখুন

ষষ্ঠ পরিচ্ছেদ

افعال مدح وذم (প্রশংসা ও নিন্দাসূচক ক্রিয়া)

প্রশ্ন ঃ افعال مدح وذم কাকে বলে?

উত্তর ঃ যে فعل দ্বারা প্রশংসার ভাব প্রকাশ করা হয় তাকে فعل مدح এবং যে فعل দ্বারা নিন্দার ভাব প্রকাশ করা হয় তাকে فعل ذم বলা হয়।

فعل مدح যেমন ঃ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ খুব ভাল লোক)

فعل ذم যেমন ঃ بِئْسَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ কতই না খারাপ লোক)

প্রশ্ন ঃ افعال مدح وذم কয়টি ও কি কি?

উত্তর ঃ افعال مدح وذم মোট চারটি। যথা نِعْمَ ، حَبَّذَا - بِئْسَ - سَاءَ তন্মধ্যে نِعْمَ এবং حَبَّذَا প্রশংসা বুঝানোর জন্য আর بِئْسَ এবং سَاءَ বা নিন্দা বুঝানোর জন্য ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ افعال مدح وذم এর فاعل এর পরে উল্লেখিত শব্দটিকে কি বলা হয়?

উত্তর ঃ এই চারটি فعل -এর ফায়েলের পরে যে শব্দটি উল্লেখ থাকে, তাকে مخصوص بالمدح (প্রশংসিত ব্যক্তি বা বস্তু) বা مخصوص بالذم নিন্দনীয় ব্যক্তি বা বস্তু বলে।

প্রশ্ন ঃ افعال مدح وذم এর فاعل কয়টি অবস্থা?

উত্তর ঃ افعال مدح ও افعال ذم এর ফায়েলের তিনটি অবস্থা।

(১) فاعل টি হয়তো معرف باللام হবে। যেমন ঃ

نِعْمَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ খুব ভাল লোক)

(২) অথবা فاعل টি معرف باللام এর দিকে مضاف হবে। যেমন ঃ

نِعْمَ صَاحِبُ الْقَوْمِ زَيْدٌ (যায়েদ দলের কত ভাল সঙ্গী)

(৩) অথবা فاعل টি ضمير مستتر (অপ্রকাশ্য সর্বনাম) হবে এবং এর তমিজ যবরবিশিষ্ট ইসমে নাকারাহ হবে। যেমন ঃ

نِعْمَ رَجُلًا زَيْدٌ (যায়েদ পুরুষ হিসেবে খুবই ভাল লোক)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৩ পৃষ্ঠায় দেখুন

এখানে نعم এর ফায়েল هو যমীরটি লুকায়িত আছে এবং رجلا শব্দটি (যবর বিশিষ্ট ইসমে নাকারা) এর তমিজ।

প্রশ্ন ঃ حبذا এর فاعل এর ব্যবহার পদ্ধতি কি?

